শিক্ষার প্রভাব সম্পর্কিত বিবরণীঃ
এম.এস. ৫৭১ দি বারগেন আপার স্কুল (১৩কে৫৭১)-এর প্রস্তাবিত পর্যায়ক্রমিক প্রত্যাহার

I. প্রস্তাবের সার সংক্ষেপ

এম.এস ৫৭১ বার্গেন আপার স্কুল (১৩কে৫৭১, "এম.এস ৫৭১) একটি বিদ্যমান মিডল স্কুল যা 80 Underhill Avenue, Brooklyn, NY, 11238 এর কমিউনিটি স্কুল ডিসট্রিক্ট ১৩, ভবন কে০০৯ ("কে০০৯")- এ অবস্থিত। বর্তমানে এতে ষষ্ঠ গ্রেড হতে অষ্টম গ্রেড পর্যন্ত শিক্ষার্থী পরিষেবা পাচ্ছে। এম.এস. ৫৭১ স্কুলটি সহাবস্থান করছে পি.এস. ৯ তিউনিস জি. বার্গেন (১৩কে০০৯, "পি.এস. ৯") এর সঙ্গে যা একটি জোন ভিত্তিক প্রাথমিক স্কুল; এতে শিক্ষার্থীরা কিন্ডারগার্টেন থেকে পঞ্চম গ্রেড পর্যন্ত লেখা পড়া করে এবং এতে ৫৪ আসনের ৩টি দিন-ব্যাপী প্রি-কিন্ডারগার্টেন ক্লাসের ব্যবস্থা আছে। "সহাবস্থান" বলতে এরকম বুঝায় যেখানে একই ভবনে দুই বা ততোধিক স্কুল অবস্থান করে এবং প্রায়ই ক্যাফেটেরিয়া, অডিটোরিয়াম, জিমনেসিয়াম, গ্রন্থাগার বা বহিরাঙ্গন বিনোদন স্থানের মত যৌথ স্থান বা স্পেস যৌথভাবে ব্যবহার করে। নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন-("ডিওই") এম.এস. ৫৭১ স্কুলটির নিম্নমানের ফলাফলের উপর ভিত্তি করে এটি পর্যায়ক্রমে বন্ধ করে দেওয়ার প্রস্তাব করেছে এবং ডিওই'র ধারণা স্কুলটি শিক্ষার্থীদের প্রয়োজন অনুযায়ী আরও ভালোভাবে সহযোগিতা দেওয়ার মত অবস্থানে দ্রুত ফিরে যেতে অক্ষম।

পর্যায়ক্রমে বন্ধ করে দেওয়ার প্রস্তাবটি অনুমোদিত হলে, এম.এস. ৫৭১ স্কুলটি ২০১০— ২০১১ শিক্ষা বর্ষ শেষে ৬ষ্ঠ গ্রেডে আর শিক্ষার্থী ভর্তি করবে না। প্রতি বছর একটি গ্রেডে পরিষেবা দান তখন বন্ধ হয়ে যাবে। ২০১১-২০১২ স্কুল বর্ষে এম.এস. ৫৭১ স্কুলটিতে সপ্তম ও অস্টম গ্রেডের শিক্ষার্থীরা পরিষেবা পাবে। ২০১২-২০১৩ শিক্ষা বর্ষে এম.এস. ৫৭১ স্কুলটিতে শুধু অষ্টম গ্রেডের শিক্ষার্থী থাকবে। ২০১৩ সালের জুন মাসের পর স্কুলটি বন্ধ হয়ে যাবে।[1] ষষ্ঠ ও সপ্তম গ্রেডের বর্তমান শিক্ষার্থীরা এম.এস. ৫৭১ স্কুলটিতে পড়তে থাকবে এবং তারা মিডল স্কুল শিক্ষা শেষ না করা পর্যন্ত স্কুলটিতে পরিষেবা দান অব্যাহত থাকবে। বর্তমান প্রচলন অনুযায়ী অষ্টম গ্রেডের শিক্ষার্থীরা সেখানে হাই স্কুল ভর্তি প্রক্রিয়া বা হাই স্কুল অ্যাডমিশন প্রসেস- এর মাধ্যমে একটি হাই স্কুল নির্বাচন করা পর্যন্ত সহযোগিতা পাবে।

২০০৯-২০১০ সালে কে০০৯ ভবনের লক্ষ্যমাত্রা ছিল ১১৯২ জন শিক্ষার্থীকে পরিষেবা দেয়া এবং ভবনে ৭৫১ জন শিক্ষার্থী ভর্তি হয় যা লক্ষ্যমাত্রার শতকরা হার হিসাবে দাঁড়ায়-৬৩%।[2] কে০০৯ বর্তমানে ৭১৩ জন শিক্ষার্থী অন্তর্ভূক্ত করেছে যা ভবন সদ্ব্যবহার লক্ষ্যমাত্রার শতকরা ৬০%।[3] ডিওই একটি পৃথক শিক্ষার প্রভাব সম্পর্কিত বিবৃতিতে ("ইআইএস") একটি বিদ্যমান চার্টার মিডল স্কুল, ব্রুকলিন ইস্ট কলেজিয়েট চার্টার স্কুল (৮৪কে৭৮০), " ব্রুকলিন ইস্ট কলেজিয়েট") কে তার বর্তমান অস্থায়ী অবস্থান ডিসট্রিক্ট ১৭ থেকে কে০০৯-এ স্থানান্তরের প্রস্তাব করেছে।[4] বর্তমানে ব্রুকলিন ইস্ট কলেজিয়েটে পঞ্চম গ্রেডের প্রায় ৮০ জন শিক্ষার্থীকে পরিষেবা দিয়ে আসছে এবং ক্রমান্বয়ে সম্প্রসারণের মাধ্যমে এটা সম্পূর্ণরূপে কে০০৯-এ চালু হলে পঞ্চম থেকে অষ্টম গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের পরিষেবা দেবে।[5] ব্রুকলিন ইস্ট কলেজিয়েটের স্থানান্তর ও সহাবস্থান অনুমোদিত হলে, স্কুলটি কে০০৯ এ কার্যক্রম শুরু করবে এবং ডিসট্রিক্ট ১৩-এর শিক্ষার্থীদের অগ্রাধিকার দিয়ে চার্টার লটারি আবেদনের মাধ্যমে পঞ্চম গ্রেডে শিক্ষার্থীদের ভর্তি করবে। ২০১১-২০১২ স্কুল বর্ষে শুরু করে ব্রুকলিন ইস্ট কলেজিয়েট শিক্ষা কার্যক্রম সম্প্রসারন করে ৬ষ্ঠ গ্রেডে প্রায় ৮০ জন অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করবে। ২০১৩-২০১৪ বর্ষে ব্রুকলিন ইস্ট কলেজিয়েট তার সম্প্রসারন সম্পন্ন করে পুরোদমে কার্যক্রম শুরু করবে ও তখন কে০০৯-এ পঞ্চম থেমে অষ্টম গ্রেড পর্যন্ত আনুমানিক ৩০০-৩৫০ জন শিক্ষার্থী পরিষেবা পাবে।

---

[1] পর্যায়ক্রমে বন্ধ করে দেয়ার পরিকল্পনা চলাকালীন সময়ে শিক্ষার্থীদের কেউ প্রোমোশন না পেলে বা পরবর্তী গ্রেডে উত্তীর্ণ হতে ব্যর্থ হলে তারা উত্তীর্ণ হওয়া পর্যন্ত তাদের অগ্রগতিতে সুনির্দিষ্ট কোর্সের মাধ্যমে সহায়তা পাবে।

[2] ভবন ব্যবহারের হার সংক্রান্ত সকল তথ্য ২০০৯-২০১০ এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাইজেশন রিপোর্ট ("দি ব্লু বুক") হতে টার্গেট ক্যাপাসিটি ডাটার উপর ভিত্তি করে নেওয়া হয়েছে এবং শিক্ষার্থীদের মধ্যে যারা দীর্ঘমেয়াদে অনুপস্থিত বা "লং টার্ম অ্যাবসেন্স" তাদের হিসাবে রাখা হয়েছে। ভবনের তালিকা ভুক্তির তথ্য ২০০৯-২০১০ সালের নিরীক্ষিত রেজিষ্টার হতে নেওয়া হয়েছে এবং তাতে দীর্ঘমেয়াদী অনুপস্থিত শিক্ষার্থীদের অন্তভূক্ত করা হয়নি। স্মরণ রাখতে হবে যে ভবনের ধারণ ক্ষমতা ও ব্যবহার সংক্রান্ত তথ্য প্রি-কিন্ডার গার্টেন-এর ধারণ ক্ষমতা ও ভর্তিকে অন্তর্ভূক্ত করে এবং এটা সব সময় একটি স্কুলের ধারণ ক্ষমতার অতিরিক্ত বা কম ব্যবহার সম্পর্কে সঠিক ইংগিত দেয়না। প্রয়োজন অনুযায়ী অফিস অব স্পেস প্ল্যানিং ভবনের খালি জায়গার পরিমান যাচাই করার জন্য ভবনের বিস্তারিত জড়িপ করবে।

[3] স্কুলটির ২০১০-২০১১ সালের অফিসিয়াল ধারন ক্ষমতা ও ব্যবহারের লক্ষ্যমাত্রা এখনও পাওয়া যায়নি। এখানে অর্ন্তভুক্ত সকল ভবন ব্যবহারের মাত্রা ২০০৯-২০১০ এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাইজেশন রিপোর্ট ("দি ব্লু বুক") থেকে নেয়া এবং দীর্ঘ মেয়াদে অনুপস্থিত (এলটিএ) শিক্ষার্থীদের অন্তর্ভূক্ত করা হয়েছে। ভবনে শিক্ষার্থী ভর্তির সংখ্যা নভেম্বর ১, ২০১০ সালের অনিরীক্ষিত রেজিষ্টার থেকে নেওয়া হয়েছে, এবং এখানেও সম্ভাব্য দীর্ঘ মেয়াদে অনুপস্থিত শিক্ষার্থীদের অর্ন্তভুক্ত করা হয়েছে।

[4] http://schools.nyc.gov/AboutUs/leadership/PEP/publicnotice/default.htm

[5] নভেম্বর ১, ২০১০ সালের অনিরীক্ষিত রেজিষ্টার অনুযায়ী।

পি.এস. ৯, এম.এস. ৫৭১ এবং ব্রুকলিন ইস্ট কলেজিয়েট সহাবস্থান করবে যখন এম.এস. ৫৭১ পর্যায়ক্রমে বন্ধ ও ব্রুকলিন ইষ্ট কলেজিয়েট পর্যায়ক্রমে পূর্নমাত্রায় চালু হবে। সহাবস্থানের বিস্তারিত এর সেকশন III-এ বর্ণনা করা আছে। পি.এস. ৯ বর্তমানে কিন্ডারগার্টেন থেকে পঞ্চম গ্রেড পর্যন্ত ৫৪৪[6] জন শিক্ষার্থী ভর্তি করে এবং এতে প্রি-কিন্ডারগার্টেনের ৩টি সেকশন আছে; এর শিক্ষার্থী ভর্তি, এম.এস. ৫৭১-এর প্রস্তাবিত পর্যায়ক্রমিক বন্ধকরণ অথবা কে০০৯-এ ব্রুকলিন ইষ্ট কলেজিয়েট পর্যায়ক্রমিকভাবে স্থাপন করা দ্বারা প্রভাবিত হবে না। ব্রুকলিন ইস্ট কলেজিয়েট তার সম্প্রসারণ সম্পূর্ণ করলে এবং এম.এস. ৫৭১ তার বন্ধ করা সম্পন্ন করলে ভবনে ৯৫০-১,০০০[7] ছাত্রছাত্রী পরিষেবা লাভ করবে যাতে ভবন ব্যবহারের লক্ষ্যমাত্রা ৮৪%-এ দাঁড়াবে। এতে পি.এস. ৯-এর ভৌগলিক জোনে বসবাসরত পরিবারের সংখ্যা বেড়ে বা নতুন স্কুলের চাহিদার প্রেক্ষিতে ছাত্রছাত্রী ভর্তি বেড়ে গেলে কে০০৯ তাদের ধারণ করতে সক্ষম হবে।

ডিওই-এর সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার পটভূমি

তিনটি কারনে স্কুল বন্ধ করে দেওয়া যেতে পারে: (১) তারা বাৎসরিক প্রোগ্রেস রিপোর্টে নিম্ন গ্রেড পেলে; (২) তারা বাৎসরিক কোয়ালিটি রিভিউ এ নিম্ন রেটিং পেলে; অথবা (৩) নিউইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (''এসইডি'') কতৃক ক্রমাগত ভাবে নিম্ন ফলদায়ক (''পিএলএ'') হিসাবে চিহ্নিত হলে। বিশেষ করে ডিওই'র জবাবদিহিতামূলক কাঠামো অনুযায়ী বার্ষিক প্রোগ্রেস রিপোর্টে ডি বা এফ অথবা পরপর তৃতীয় বারের মত সি পাওয়া সকল স্কুল এবং সর্বশেষ কোয়ালিটি রিভিউ-এ দক্ষতার নীচে রেটিং পাওয়া স্কুলগুলোকে নিবিড় সহযোগিতা বা হস্তক্ষেপের জন্য মূল্যায়ন কর হয় যার মধ্যে পর্যায়ক্রমে প্রত্যাহার বা বন্ধ করে দেওয়ার সম্ভাবনাও রয়েছে।[8] প্রত্যেক শরৎকালে ডিওই প্রোগ্রেস রিপোর্ট প্রকাশ করে এবং তারা স্কুলের শিক্ষার্থীদের অগ্রগতি, শিক্ষার্থীদের কার্য-মান বা ফলাফল এবং স্কুলের পরিবেশ- যাতে নিরাপত্তা, উপস্থিতি ও পিতা-মাতা, শিক্ষক ও ষষ্ঠ থেকে দ্বাদশ গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের মতামতের জরিপ অন্তভূক্ত থাকে- এসব বিষয়ের উপর ভিত্তি করে স্কুলগুলোকে মূল্যায়ন করে থাকে। কোয়ালিটি রিভিউ এর সময় যা ডিওই কর্তৃক প্রকাশিত হয়, অভিজ্ঞ শিক্ষকরা কয়েকদিন একটি স্কুল পরিদর্শন করেন, ক্লাস রুম পর্যবেক্ষন করেন এবং শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীর পরিবারের সদস্যদের সাথে কথা বলেন। চার পয়েন্টের স্কেলে স্কুলগুলিকে মূল্যায়ন করা হয় যেখানে ''আন্ডার ডেভেলপড'' হল সম্ভাব্য সর্বনিম্ন এবং ''ওয়েল ডেভেলপড'' সর্বোচ্চ রেটিং।

একটি স্কুলের প্রোগ্রেস রিপোর্ট এবং এর কোয়ালিটি রিভিউ-এর ওপর প্রাথমিকভাবে স্কুলে হস্তক্ষেপের সিদ্ধান্ত হয়, তবে একক কোন কারণে স্কুল বন্ধের সিদ্ধান্ত নেয়া হয় না। স্কুলের শিক্ষার্থীদের জন্য সবচেয়ে ভাল পদক্ষেপ শনাক্ত করার উদ্দেশ্যে ডিওই স্কুলের উপাত্ত পর্যবেক্ষন করে, সুপারিনটেনডেন্ট এবং অন্যান্য অভিজ্ঞ শিক্ষক যারা স্কুলের সাথে জড়িত ছিলেন তাদের সাথে আলোচনা করে এবং কমিউনিটির লোকজনের মতামত সংগ্রহ করে।

এম.এস. ৫৭১, ২০০৯-২০১০-এর প্রোগ্রেস রিপোর্টে ডি গ্রেড লাভ করে, সেই সাথে তারা শিক্ষার্থীদের কার্য-মান বা ফলাফল, প্রোগ্রেস এবং স্কুল পরিবেশ উপ-বিভাগে এফ গ্রেড পায়।

এ সকল অবস্থার উপর ভিত্তি করে ডিওই এম,এস, ৫৭১ স্কুলটির শিক্ষার্থীদের ও কমিউনিটির জনগণের জন্য প্রযোজ্য সর্বোত্তম সহযোগিতা ও হস্তক্ষেপের ধরণ চিহ্নিত করার লক্ষ্যে একটি সমন্বিত পর্যালোচনার উদ্যোগ নেয়। পর্যালোচনার সময় ডিওই সাম্প্রতিক ও অতীত ফলাফলের ইতিহাস এবং স্কুলটির চাহিদা পর্যবেক্ষন করে, সুপারিনটেনডেন্ট এবং অন্যান্য অভিজ্ঞ শিক্ষক যারা স্কুলের সাথে জড়িত ছিলেন তাদের সাথে আলোচনা করে এবং কমিউনিটির লোকজনের মতামত সংগ্রহ করে।

পর্যালোচনা শেষে ডিওই বিশ্বাস করে যে সর্বশেষ হস্তক্ষেপ- পর্যায়ক্রমে এম.এস. ৫৭১ এর শিক্ষা কার্যক্রম বন্ধ করে দেয়াটাই স্কুলটির দীর্ঘদিনের ভোগান্তি নিরসনের জন্য ভাল হবে এবং এতে কে০০৯-এ নতুন স্কুল প্রতিষ্ঠার সুযোগ থাকবে, যা ভালভাবে ভবিষ্যৎ শিক্ষার্থীদের এবং আরো বিস্তৃত পরিসরে কমিউনিটির প্রয়োজন মেটাতে পারবে।

---

[6] নভেম্বর ১, ২০১০ এর অনিরীক্ষিত রেজিষ্টার, প্রি-কিন্ডারগার্টেন বাদ দেয়া হয়েছে।

[7] ব্রুকলিন ইষ্ট কলেজিয়েট-এ অনুমিত ভর্তি এবং বর্তমান কিন্ডারগার্টেন ক্লাসের আকার অনুযায়ী পি.এস. ৯-এ কে-৫ পর্যন্ত সম্ভাব্য ভর্তির ওপর ভিত্তি করে উপাত্ত ব্যবহার করে (নভেম্বর ১, ২০১০ এর অনিরীক্ষিত রেজিষ্টার) অবিষ্যত কিন্ডারগার্টেন ক্লাসের আকার সম্পর্কে ধারণা করা হয়েছে। প্রি-কিন্ডারগার্টেন বাদ দেয়া হয়েছে।

[8] ডিসট্রিক্ট গড়ের চেয়ে গণিত ও ইএলএ দক্ষতায় বেশী গড় সমৃদ্ধ প্রাথমিক স্কুল, যারা কোয়ালিটি রিভিউতে ''ওয়েল ডেভলপড'' লাভ করে অথবা যারা প্রথমবারের মত প্রোগ্রেস রিপোর্ট পায় তাদেরকে পর্যায়ক্রমিক প্রত্যাহার বা বন্ধ করে দেয়ার জন্য বিবেচনায় নেয়া হয় না।

এম.এস. ৫৭১—এ কার্য-মান ও স্কুলের পরিবেশ

গত কয়েক বছরে এম.এস. ৫৭১-এর কার্য-মান ডিওই এর এই মূল্যায়ণকে নিশ্চিত করেছে যে, স্কুলটি শিক্ষার্থীদের আরও ভালোভাবে প্রয়োজনীয় সহযোগিতা করার মত দ্রুত ঘুরে দাঁড়াতে অক্ষম।.

- ২০০৯-২০১০ বর্ষের প্রোগ্রেস রিপোর্টে এম.এস. ৫৭১ শিক্ষার্থীদের কার্য-মান, শিক্ষার্থীদের প্রোগ্রেস্ ও স্কুল পরিবেশ উপ-বিভাগে এফ গ্রেড সহ সার্বিক ভাবে ডি গ্রেড পেয়েছে।
- গত তিন বছর ধরে প্রতি বছর অন্যান্য মিডল স্কুলের তুলনায় এর কার্য-মান নিম্নমূখী হওয়ায় এম.এস. ৫৭১ শিক্ষার্থীদের নিম্ন পর্যায়ের কার্য-মান নিয়ে ভোগান্তির মধ্যে রয়েছে।
  - ২০০৯-২০১০-এ এম.এস. ৫৭১ এর মাত্র ৮% শিক্ষার্থী ইংরেজী ভাষা শৈলী "ইএলএ" তে গ্রেড লেভেলে ছিল যা স্কুলটিকে নিউ ইয়র্ক সিটির সকল মিডল স্কুলের মধ্যে সর্ব নিম্নে ২% এ নিয়ে যায়। একই বছর এম.এস. ৫৭১ এর ১৪% শিক্ষার্থী গনিতে গ্রেড লেভেলে ছিল যা সিটিব্যাপী মিডল্ স্কুলগুলোর মধ্যে সর্বনিম্ন ৪%।
  - ২০০৮-২০০৯-এ এম.এস. ৫৭১ এর ৩২% শিক্ষার্থী "ইএলএ" তে গ্রেড লেভেলে ছিল যা সিটিব্যাপী মিডল স্কুল ইএলএ দক্ষতার সর্বনিম্ন ২%-এ দাঁড়ায়, এবং গনিতে গ্রেড লেভেলে ছিল ৫৫% যা এম.এস. ৫৭১-কে সিটিব্যাপী মিডল স্কুল গণিত দক্ষতার সর্বনিম্ন ১০% দাঁড় করায়।
  - ২০০৭-২০০৮-এ, "ইএলএ" গ্রেড লেভেলে ছিল ৩১% যা সিটিব্যাপী মিডল স্কুল ইএলএ দক্ষতার সর্বনিম্ন ২০% এবং এম.এস. ৫৭১-এ গণিতে গ্রেড লেভেলে ছিল ৪৯%, যা সিটিব্যাপী গণিত দক্ষতার সর্বনিম্ন ২৩% এ দাঁড়ায়।
- এম.এস. ৫৭১এর শিক্ষার্থীরা গত তিন বছরে শিক্ষায় কোন প্রবৃদ্ধির নজির দেখাতে পারেনি।
  - ২০০৯-২০১০ এ এম.এস. ৫৭১ "ইএলএ" শিক্ষায় প্রবৃদ্ধির ক্ষেত্রে মিডল স্কুলগুলোর মধ্যে ছিল সর্বনিম্ন ৫% -এ, এবং গণিতে শিক্ষায় প্রবৃদ্ধির ক্ষেত্রে ছিল সর্বনিম্নে ৭% -এ।
  - ২০০৮-২০০৯-এ এম.এস. ৫৭১ ইএলএ-তে এক বছরে প্রোগ্রেস হারের ক্ষেত্রে সিটিব্যাপী মিডল স্কুলগুলোর মধ্যে ছিল সবার নীচে ৭%-এ।
  - এই নিম্নগতির ধারা চলতে থাকলে এম.এস. ৫৭১ এর শিক্ষার্থীরা অন্যান্য স্কুলে থাকা তাদের সঙ্গীদের আরও পিছনে পড়ে যাবে।
- এম.এস. ৫৭১-এ উপস্থিতির হার কম। ২০০৯-২০১০-এ উপস্থিতির হার ছিল ৮৩% যা সিটিব্যাপী মিডল স্কুলগুলোর গড় হার ৯২%-এর চেয়ে কম। বস্তুত, এটাই ছিল সিটিব্যাপী সকল মিডল স্কুলের মধ্যে সর্বনিম্ন উপস্থিতির হার।
- এম.এস. ৫৭১-এ নিরাপত্তা একটি শঙ্কার বিষয়। ২০০৯-২০১০ নিউ ইয়র্ক সিটি স্কুল সার্ভে অনুযায়ী প্রায় প্রতি তিন জনের একজন - ২৮% শিক্ষার্থী বলেছে, তারা এম.এস. ৫৭১ স্কুলের হল, বাথরুম ও লকার রুমে নিরাপদ বোধ করে না। পিতা-মাতারা তাদের সন্তানদের নিরাপত্তা নিয়ে শঙ্কা প্রকাশ করেছে, যেখানে ১৭% পিতা-মাতা বলেছে তাদের সন্তানদের তারা স্কুলে নিরাপদ মনে করেন না। অধিকাংশ শিক্ষক- ৬৪%- বলেছেন স্কুলে সঠিক ভাবে শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা অনুসরণ করা হয়না।
- এম.এস. ৫৭১ সর্বশেষ কোয়ালিটি রিভিউতে ২০০৮-২০০৯ সালে "প্রফিসিয়েন্ট" রেটিং পেয়েছে। শিক্ষার্থীদের শিক্ষাদানের ক্ষেত্রে স্কুল কেমনভাবে সংগঠিত, তার উপর ভিত্তি করে কোয়ালিটি রিভিউ স্কুল কে মূল্যায়ন করে থাকে।[9] যেহেতু প্রফিসিয়েন্ট রেটিং পাওয়া স্কুলগুলোর সামর্থ ও দুর্বলতা উভয়ই থাকে, এম.এস. ৫৭১-এর ২০০৯ কোয়ালিটি রিভিউ-এ বেশ কয়েকটি গুরুতর উদ্বেগের কথা উল্লেখ করা হয়। সমালোচকরা সুনির্দিষ্টভাবে নির্দেশ করে বলেছে, কার্যকরী পাঠ প্রস্তুতের জন্য উপাত্তের ব্যবহার ও পৃথকীকরণ কৌশল স্কুলব্যাপী সঙ্গতিপূর্ন নয় যাতে প্রত্যেক শিক্ষার্থীকে শিক্ষা দানের জন্য পৃথকীকরণ অপ্রতুল হয়ে যায়। রিপোর্টে আরো বলা হয় যে, স্কুলের উন্নতির জন্য পাঠ্যসূচীকে ও পাঠদানের ক্ষেত্রে সময় ভিত্তিক সমন্বয় করতে হবে যাতে করে শিক্ষার্থীদের কার্য-মান বাড়ে এবং আরও বৃহৎ পরিসরে কমিউনিটি সংগঠন, ফাউন্ডেশন ও অংশীদারিত্বে যোগাযোগ করতে হবে যা স্কুলে পরিবেশ এবং শিক্ষার্থীদের পাঠগত, সামাজিক ও মানসিক উন্নতির সহায়ক হবে।
- এম.এস. ৫৭১-এর আসন চাহিদা নিম্ন পর্যায়ের। ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুলগুলো মিডল স্কুল চয়েস প্রক্রিয়ায় শিক্ষার্থী ভর্তি করে। ২০০৯-২০১০[10] স্কুল বর্ষে এম.এস. ৫৭১ —এ আবেদনকারী শিক্ষার্থীদের মাত্র ২৫% এটিকে তাদের প্রথম পছন্দে স্থান দেয়। এ থেকে বোঝা যায়, এম.এস. ৫৭১ ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদের বেড়ে ওঠার জন্য স্কুল হিসাবে ডিসট্রিক্ট ১৩-এ কাংখিত পছন্দ নয়।

[9] কোয়ালিটি রিভিউ এর আরো তথ্যের জন্য ডিওই এর ওয়েবসাইট পরিদর্শন করুন: http://schools.nyc.gov/Accountability/tools/review

[10] ২০০৯-১০-এ ৫ম গ্রেডের আবেদনকারী যারা ২০১০-১১ স্কুল বর্ষের জন্য মিডল স্কুলে আবেদন করেছে।

- এম.এস. ৫৭১-এ শিক্ষার্থী ভর্তি নিয়মিতভাবে কমে গেছে। ২০০৫-২০০৬ স্কুল বর্ষে এম.এস. ৫৭১ পরিষেবা দেয় ২৪১ জন শিক্ষার্থীকে এবং ষষ্ঠ গ্রেডে ৯২ জন শিক্ষার্থী ছিল। ২০০৯-২০১০ স্কুলে বর্ষে মাত্র ২১১ জন শিক্ষার্থী ভর্তি হয় এবং ষষ্ঠ গ্রেডে ভর্তি সংখ্যা ছিল মাত্র ৫২।

নীচের তালিকা সংক্ষেপে গত তিন বছরের এম.এস. ৫৭১-এর গুরুত্বপূর্ণ কার্য-মান প্রদর্শন করে।

• এম.এস. ৫৭১[11]	২০০৭-২০০৮	২০০৮-২০০৯	২০৯-২০১০[12]
স্কুল কার্য-মান ও প্রোগ্রেস			
সামগ্রিক প্রগ্রেস রিপোর্ট গ্রেড	বি	বি	ডি
কার্য-মান গ্রেড	বি	এ	এফ
প্রোগ্রেস গ্রেড	বি	বি	এফ
পরিবেশ গ্রেড	ডি	ডি	এফ
কোয়ালিটি রিভিউ স্কোর	পি	পি	পি
কার্য-মান উপাত্ত			
ইংরেজী ভাষা শৈলী % দক্ষতা (লেভেল ৩ ও ৪)	৩১%	৩২%	৮%
গণিত % দক্ষতা (লেভেল ৩ ও ৪)	৪৯%	৫৫%	১৪%
অন্যান্য গুরুত্বপূর্ণ কার্য-মান সূচক			
উপস্থিতির হার	৮৮%	৮৮%	৮৩%
২০১০-২০১১ বর্ষে জবাবদিহিতা পরিস্থিতি	অগ্রগতি (বর্ষ ১) - সমন্বিত		

এম.এস. ৫৭১-এ বিগত দিনগুলোর কৌশলগত উন্নয়ন প্রচেষ্টা পর্যালোচনা

আমরা বুঝতে পেরেছি যে এম.এস. ৫৭১-এর স্টাফরা স্কুলের উন্নতির জন্য কঠোর পরিশ্রম করেছেন, কিন্তু স্কুলটি ঘুরে দাঁড়াতে পারে নাই। স্কুলের কার্য-মান উন্নয়ন প্রচেষ্টায় ডিওই অনেক ধরনের সাহায্যের প্রস্তাব করেছে। এর মধ্যে রয়েছেঃ

নেতৃত্বে সহায়তাঃ

- নেতৃবৃন্দকে প্রতিভাবান স্টাফ নিয়োগ ও ধরে রাখা, স্কুলের জন্য সুদূর প্রসারি লক্ষ্য স্থির করা এবং সর্বোত্তম শিক্ষাদানের অভ্যাস বাস্তবায়ন করার জন্য পদ্ধতির উন্নয়ন বিষয়ে প্রিন্সিপ্যালকে নেতৃত্ব সংক্রান্ত পরামর্শ দান ও প্রশিক্ষন প্রদানের প্রস্তাব।
- এম.এস. ৫৭১-এর কোয়ালিটি রিভিউ, এর সামর্থ এবং উন্নন ক্ষেত্র চিহ্নিতকরণ, একটি সময়সূচী নর্ধারণ, এবং বিভিন্ন ব্যক্তিকে করণীয় দায়িত্ব অর্পণের সঙ্গে সম্পর্কিত একটি বিস্তারিত পরিকল্পনা প্রনয়নের জন্য প্রিন্সিপ্যালের সাথে কাজ করা।
- প্রশাসকদের অন্য স্কুলের সাথে যোগাযোগ করে দেয়া যাতে তারা কার্যকর পদ্ধতি অনুশীলন সম্মন্ধে ধারনা নিয়ে এম.এস. ৫৭১-এ সেসব অনুকরণ করতে পারে।

[11] সূত্রঃ প্রোগ্রেসর রিপোর্ট

[12] ২০১০ বর্ষে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট শিক্ষার্থীদের লেভেল ৩ অর্জনের জন্য বার্ষিক গণিত ও ইংরেজি ভাষা শৈলী পরীক্ষায় প্রয়োজনীয় স্কোর বৃদ্ধি করে (গ্রেড লেভেল প্রফিসিয়েন্সি) বা উর্ধে "কাট স্কোরস" সমন্বয় করে। ফলে, নিউ ইয়র্ক সিটির বেশীর ভাগ স্কুলসহ সমগ্র স্টেট-এ গ্রেড লেভেল মান অর্জনকারী শিক্ষার্থীর হার উল্লেখযোগ্যভাবে কমে যায়। দক্ষতা অর্জনকারী শিক্ষার্থীর হার কমে গেলেও, গড়ে নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের পরীক্ষায় প্রাপ্ত স্কোর আগের বছরের তুলনায় অপরিবর্তিত থেকে যায়।

পাঠদান সংক্রান্ত সহায়তাঃ

- প্রতিটি শিক্ষকের আলাদা লক্ষ্য তৈরী করা, প্রত্যেকের জন্য একটি কার্য-পরিকল্পনা করে দেয়া এবং প্রত্যেক শিক্ষকের আলাদা প্রশিক্ষণ পরিকল্পনা তৈরী করে দিতে প্রিন্সিপ্যালকে সহযোগিতা করা।
- শিক্ষার্থীদের বিভিন্ন গ্রুপের, বিশেষ করে ইংরেজী ভাষা শৈলী ও প্রতিবন্ধীত্ব সম্পন্ন শিক্ষার্থীদের উপাত্ত বিশ্লেষণ করে তাদের কাজের ও কার্যমানের ধরণ বের করতে প্রিন্সিপ্যালকে সাহায্য করা।
- শিক্ষার্থীদের প্রোগ্রেস প্রদর্শণ ও পর্যবেক্ষনের জন্য একটি উপাত্ত পদ্ধতি বা ডাটা সিস্টেম গড়ে তুলতে প্রিন্সিপ্যাল, সহকারী প্রিন্সিপ্যাল, সাহিত্য ও গনিতের শিক্ষক এবং ডাটা বিশেষজ্ঞের সঙ্গে কাজ করা।
- পাঠ্যসুচি পরিকল্পনা, শিক্ষার্থীদের অংশগ্রহন, প্রকল্প ভিত্তিক শিক্ষন, এবং মূল্যায়ন পরিকল্পনা বা অ্যাসেসমেন্ট ডিজাইনের উন্নয়নের ক্ষেত্রে শিক্ষকদের সহযোগিতার প্রস্তাব।
- ইংরেজী ভাষা শিক্ষার্থী, প্রতিবন্ধীত্ব সম্পন্ন শিক্ষার্থী, ও গ্রেড লেভেলের নীচে কার্য-মান থাকা শিক্ষার্থীদের প্রয়োজনের দিকে লক্ষ্য রাখার জন্য শিক্ষকদের দল তৈরী করতে স্কুলের সাথে কাজ করা।
- ইংরেজী, গণিত, সমাজবিজ্ঞান ও বিজ্ঞান বিষয়ের শিক্ষকদের প্রশিক্ষন দেয়ার জন্য অন-সাইট কনটেন্ট এক্সপার্ট-এর ব্যবস্থা করা।
- প্রতিবন্ধীত্ব সম্পন্ন ও ইংরেজী ভাষা শিক্ষার্থীরা যাতে যথাযথ সেবা পায় সেজন্য এম.এস. ৫৭১ এর সাথে কাজ করা।

পরিচালনাগত সহায়তাঃ

- বাজেট প্রনয়ন, মানব সম্পদ, মেধাবী শিক্ষক নিয়োগ ও তাদের ধরে রাখা, ব্যবস্থাপনা গড়ে তোলা এবং পরিচালনাগত সমস্যাদির বিষয়ে প্রিন্সিপ্যাল ও স্টাফদের জন্য একক ব্যক্তি ভিত্তিক বা ওয়ান-অন-ওয়ান ভিত্তিক সহযোগীতা দেয়া।

শিক্ষার্থীদের সহায়তাঃ

- এম.এস. ৫৭১-কে ব্রুকলিন কমিউনিটি সার্ভিস-এর সঙ্গে অংশীদারিত্ব নিশ্চিত করতে সহায়তা করা, যারা স্কুল-পরবর্তী এবং প্রাতিষ্ঠানিক সমৃদ্ধকরণ কর্মসূচী দিয়ে থাকে, এবং আরবান অ্যাডভানটেজ-এর সঙ্গে অংশীদারিত্ব নিশ্চিত করতে সহায়তা করা, যারা শিক্ষার্থীদের সামনে সাংস্কৃতিক প্রতিষ্ঠানের মাধ্যমে বিজ্ঞানের দাড় খুলে দেয়।

নিরাপত্তা সহায়তাঃ ডিওই স্কুল ও এর আশেপাশে নিরাপত্তা ও সুরক্ষা সংক্রান্ত নিম্নলিখিত সহায়তা দিয়ে থাকেঃ

- রিসোর্স গাইড হিসেবে নিরাপত্তা ও সহায়ক স্কুল হিসেবে প্রস্তুত করতে এবং নিরাপত্তা বজায় রাখতে সর্বোচ্চ মানের প্রচলিত নিরাপত্তা ব্যবস্থা প্রদান।
- স্কুলে সংঘটিত ঘটনা ও অপরাধ সংক্রান্ত উপাত্ত পর্যালোচনা (ক্রিমিনাল জাসটিস কো-অর্ডিনেটর ও এনওয়াইপিডি এর সাথে সংগতি রেখে)।
- কোন ঘটনা ঘটলে বারা সেফটি ডিরেকটরস এর মাধ্যমে কারিগরী সহায়তা প্রদান।
- সিএফএন সেফটি লিয়াজোঁতে পেশাদারিত্ব উন্নয়ন ও সহযোগিতা প্রদান।
- রেসপন্স টিম গঠনে পেশাদারিত্ব উন্নয়ন ও সরঞ্জাম দিয়ে সহযোগীতা।
- বার্ষিক ভিত্তিতে স্কুলের নিরাপত্তা পরিকল্পনা বা স্কুল সেফটি প্লানস পর্যবেক্ষন করা ও প্রত্যয়ন করা।

এম.এস. ৫৭১-এর সফল হতে না পারা- সকল স্কুলকে কেন্দ্রিয় ভাবে সহযোগিতার অংশ হিসেবে অথবা এম.এস. ৫৭১-এর জন্য পৃথক পরিকল্পনা- যাই হোক না কেন, এটা বুঝা যয় যে এম.এস. ৫৭১ এর শিক্ষার্থী ও পরিবারের প্রয়োজনীয়তা মেটানোর মতো উপযুক্ত অবকাঠামো গড়তে ব্যর্থ হয়েছে।

কমিউনিটির মতামতের সারংশঃ

এই প্রস্তাব পেশ করার আগে ডিওই এম.এস. ৫৭১ এর সাথে যুক্ত কমিউনিটির কাছে শিক্ষার্থীদের অধিক সহোযোগীতা করা ও স্কুলে তাদের কার্য-মান উন্নত করার কৌশল সম্পর্কে জানতে চায় ও এ সক্রান্ত মাতামত গ্রহণ করে। ডিওই, ২৭শে অক্টোবর ২০১০ তারিখে প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন (''পিটিএ'') এবং স্কুল লিডরশীপ টিম (''এসএলটি'') এর সাথে এম,এস, ৫৭১ এর ক্রমাগত নিম্ন কার্য-মানের ফলে এর সম্ভাব্য পরিণতি নিয়ে আলোচনা করে। প্রায় ৩৮ জন সভায় অংশ নেয়। ডিওই এ সংক্রান্ত একটি ওয়েবসাইট চালু করে টেলিফোন ও ই-মেইলের মাধ্যমেও কমিউনিটির মতামত গ্রহণ করে। ওয়েবসাইটটি হলঃ http://schools.nyc.gov/community/planning/changes/brooklyn/MS571.

পিতা-মাতারা এম.এস. ৫৭১ -নিয়ে কিছু আশঙ্কা ব্যক্ত করেঃ

- স্কুলের নীতি ধারাবাহিক না হওয়ায় বাড়ির কাজ ও পোশাক সম্পর্কিত প্রয়োজন নিয়ে বিভ্রান্তি।
- শিক্ষার্থীদের নিরাপত্তা নিয়ে বিশেষ আশঙ্কা।
- স্কুল পরবর্তী কর্মকান্ড, হোম ওয়ার্কে সহযোগীতা ও সমৃদ্ধকরণ কর্মসূচীতে ঘাটতি রয়েছে।
- পিতা-মাতার অংশ গ্রহণ কম এবং এটার উন্নতি দরকার।

স্কুল লিডারশীপ টিমও কিছুটা একই রকম আশংকার কথা জানায় এবং উপস্থিতির নিম্ন হার ও দুর্বল শিক্ষার্থীদের গ্রেড লেভেল-এ উন্নীত করার ক্ষেত্রে সমস্যার কথা উল্লেখ করে। তারা একটি নতুন নেটওয়ার্কের সাথে যুক্ত হওয়া ও দুর্বল শিক্ষার্থীদের সাহায্যের জন্য নতুন কর্মসূচী বাস্তবায়নসহ নব-পদক্ষেপগুলোর ব্যাপারে ইতিবাচক মতামতও দেয়। তবে, এই ইতিবাচক মতামত এম.এস. ৫৭১-কে সাঠিক পথে চালানোর জন্য যথেষ্ট নয়।

এম.এস. ৫৭১ কমিউনিটির অনেকে স্কুলটি পর্যায়ক্রমে বন্ধ করে দেয়ার সম্ভাবনার বিরুদ্ধাচরণ করলেও ডিওই বিশ্বাস করে যে দীর্ঘদিন ধরে স্কুলটির কার্য-মান সংক্রান্ত ভোগান্তি, স্কুলটি যে শিক্ষার্থীদের আরও ভালভাবে সহযোগিতা দেয়ার মত অবস্থানে পৌছানোর জন্য দ্রুত ঘুরে দাড়াতে পারবে সে ধরনে কোন প্রমানও না থাকায় এবং স্কুলের আসনের জন্য কম চাহিদার কারনে, এটির ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া অবশ্যই দরকার।

এই প্রস্তাবটি প্যানেল ফর এডুকেশন পলিসি (''পিইপি'') কর্তৃক বিবেচনাধীন থাকার সময় ডিওই কমিউনিটির মতামত গ্রহণ ও পর্যালোচনা অব্যাহত রাখবে।

II. ভবনের প্রস্তাবিত বা সম্ভাব্য ব্যবহার

এম.এস. ৫৭১ ও পি.এস. ৯ রয়েছে যে ভবনে সেই কে০০৯-এর ১,১৯২ জন শিক্ষার্থীকে ধারণ করার ক্ষমতা রয়েছে। শারিরিক প্রতিবন্ধীত্ব সম্পন্ন শিক্ষার্থীদের কারণে কে০০৯ ভবনটি আংশিকভাবে অভিগম্য। ২০০৯-২০১০ সালে, যা কিনা সর্বশেষ ভর্তি সংক্রান্ত নিরীক্ষিত উপাত্ত সংশ্লিষ্ট বছর, ভবনটিতে ৭৫১[13] জন শিক্ষার্থীকে পরিষেবা দেয়া হয়, যার ফলে ভবন সদ্ব্যবহারের লক্ষ্যমাত্রা ৬৩%[14] অর্জিত হয়। ২০১০-২০১১ বর্ষে বর্তমানে ৭১৩ জন শিক্ষার্থী ভবনটিতে ভর্তি আছে যার ফলে ভবন সদ্ব্যবহারের লক্ষ্যমাত্রা ৬০% অর্জিত হয়।[15]

একটি আলাদা ইআইএস-এর মাধ্যমে ডিওই একটি বিদ্যমান চার্টার মিডল স্কুল- ব্রুকলিন ইস্ট কলেজিয়েট কে০০৯-এ স্থানান্তরের প্রস্তাব করবে, যেটি কে০০৯-এ পূর্ণ মাত্রায় স্থাপিত হলে পঞ্চম থেকে অষ্টম গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের পরিষেবা দেবে। এই প্রস্তাব ডিসেম্বর ২০, ২০১০ তারিখে প্রকাশিত অপর একটি ইআইএস-এ বর্ণিত হয়েছে।[16]

---

[13] ২০০৯-২০১০-এর এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাইজেশন রির্পোট, প্রি-কিন্ডারগার্টেন অন্তর্ভূক্ত করা হয়েছে।

[14] ২০১০-১১ স্কুল বর্ষের ভবনের ধারণ ক্ষমতা ও সদ্ব্যবহার হার সংক্রান্ত অফিসিয়াল তথ্য এখনো পাওয়া যায় নাই। এই দলিলের ভবন সদ্ব্যবহারের হার সংক্রান্ত সকল তথ্য ২০০৯-২০১০ এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাইজেশন রিপোর্ট (''দি ব্লু বুক'') হতে টার্গেট ক্যাপাসিটি ডাটার উপর ভিত্তি করে নেওয়া হয়েছে এবং শিক্ষার্থীদের মধ্যে যারা দীর্ঘমেয়াদে অনুপস্থিত বা লং টার্ম অ্যাবসেন্স, তাদের হিসাবে রাখা হয়েছে। স্মরণ রাখতে হবে যে ভবনের ধারণ ক্ষমতা ও ব্যবহার সংক্রান্ত তথ্য প্রি-কিন্ডার গার্টেন-এর ধারণ ক্ষমতা ও ভর্তিকে অন্তর্ভূক্ত করে এবং এটা সব সময় একটি স্কুলের ধারণ ক্ষমতার অতিরিক্ত বা কম ব্যবহার সম্পর্কে সঠিক ইংগিত দেয়না। প্রয়োজন অনুযায়ী অফিস অব স্পেস প্ল্যানিং ভবনের খালি জায়গার পরিমান যাচাই করার জন্য ভবনের বিস্তারিত জড়িপ করবে।

[15] ২০১০-১১ স্কুল বর্ষের ভবনের ধারণ ক্ষমতা ও সদ্ব্যবহার হার সংক্রান্ত অফিসিয়াল তথ্য এখনো পাওয়া যায় নাই। এই দলিলের ভবন সদ্ব্যবহারের হার সংক্রান্ত সকল তথ্য ২০০৯-২০১০ এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাইজেশন রিপোর্ট (''দি ব্লু বুক'') হতে টার্গেট ক্যাপাসিটি ডাটার উপর ভিত্তি করে নেওয়া হয়েছে এবং শিক্ষার্থীদের মধ্যে যারা দীর্ঘমেয়াদে অনুপস্থিত বা লং টার্ম অ্যাবসেন্স (এলটিএ), তাদের হিসাবে রাখা হয়েছে। ভবনের শিক্ষার্থী ভর্তির সংখ্যা নভেম্বর ১, ২০১০ এর অনিরীক্ষিত রেজিষ্টার থেকে নেয়া হয়েছে, যাতে সম্ভাব্য এলটিএ বা দীর্ঘ মেয়াদে অনুপস্থিত শিক্ষার্থীদের অর্ন্তভুক্ত করা হয়েছে।

[16] http://schools.nyc.gov/AboutUs/leadership/PEP/publicnotice/2010-2011/Feb32011Proposals

পরবর্তী তিন বছরে স্কুলগুলোর প্রস্তাবিত গ্রেড পরিষেবা নিম্নরূপঃ

স্কুল বর্ষ	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪
পি.এস. ৯[17]	কে,১,২,৩,৪,৫	কে,১,২,৩,৪,৫	কে,১,২,৩,৪,৫	কে,১,২,৩,৪,৫
এম.এস. ৫৭১	৬,৭,৮	৭,৮	৮	প্রযোজ্য নয়
ব্রুকলিন ইস্ট কলেজিয়েট	-	৫,৬	৫,৬,৭	৫,৬,৭,৮

ব্রুকলিন ইস্ট কলেজিয়েট ২০১১-২০১২ বর্ষে কে০০৯ ভবনে স্থানান্তরের কাজ শুরু করবে এবং পঞ্চম গ্রেড থেকে ষষ্ঠ গ্রেড পর্যন্ত আনুমানিক ১৫০-১৭০ জন শিক্ষার্থীকে পরিষেবা দেবে। ২০১৩-২০১৪ সালে স্কুলটি পূর্ণ মাত্রায় চালু হলে পঞ্চম থেকে অষ্টম গ্রেড পর্যন্ত ৩০০-৩৫০ জন শিক্ষার্থীকে পরিষেবা দেবে।

বর্তমানে পি.এস. ৯ কিন্ডারগার্টেন থেকে পঞ্চম গ্রেড পর্যন্ত ৫৪৪[18] জন শিক্ষার্থী ভর্তি করছে এবং তিন দিন ব্যাপী প্রি-কিন্ডারগার্টেন ক্লাসের মাধ্যমে আনুমানিক ৫৪ জন শিক্ষার্থীকে পরিষেবা দিচ্ছে।

এটা ধারণা করা হচ্ছে না যে, এম.এস. ৫৭১-এর পর্যায়ক্রমে বন্ধ হয়ে যাওয়ার কারণে পি.এস. ৯-এর বা বর্তমানে কে০০৯ ভবনে অবস্থিত প্রি-কিন্ডারগার্টেন ক্লাসগুলোর ভর্তি ক্ষেত্রে কোন প্রভাব পড়বে।

এম.এস. ৫৭৪-এর পর্যায়ক্রমিক প্রত্যাহার সম্পন্ন ও ব্রুকলিন ইন্ট কলেজিয়েট সম্পূর্ণরূপে স্থানান্তরিত হলে ভবনটিতে প্রায় ৯৫০-১,০০০[19] জন শিক্ষার্থী পরিষেবা পাবে, যাতে ভবন সদ্ব্যবহারের হার দাঁড়াবে ৮৪%।

III. ক্ষতিগ্রস্ত শিক্ষার্থী, স্কুল, এবং কমিউনিটির ওপর প্রস্তাবের প্রভাব

A. শিক্ষার্থী

এম.এস. ৫৭১ এর বর্তমান শিক্ষার্থীদের জন্য ভর্তি পছন্দ

এই প্রস্তাব অনুমোদিত হলে আগামী কয়েক বছরে এম.এস. ৫৭১ পর্যায়ক্রমিকভাবে উঠে যাবে এবং বর্তমান স্কুল বর্ষ শেষে ষষ্ঠ গ্রেডে আর শিক্ষার্থী ভর্তি করবে না। বর্তমান সপ্তম ও অস্টম গ্রেডের শিক্ষার্থীরা মিডল স্কুলের পড়াশুনা সমাপ্ত করে হাই স্কুলে প্রবেশের দিকে অগ্রসর হওয়ার প্রেক্ষাপটে তাদের এম.এস. ৫৭১- সহায়তা প্রদান করা হবে।

২০১১-২০১২ বর্ষে এম.এস. ৫৭১ সপ্তম ও অস্টম গ্রেডের শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করবে। তারপর, ২০১২-২০১৩ বর্ষে এম.এস. ৫৭১ কেবল অস্টম গ্রেডের শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করবে এবং জুন, ২০১৩-এ বন্ধ হয়ে যাবে।

যেসব ষিক্ষার্থী প্রমোশনের জন্য প্রয়োজনীয় মান অর্জনে ব্যর্থ হয়, প্রমোশনের মান অর্জনে সহায়তা হিসাবে তাদের জন্য অব্যাহতভাবে উপযুক্ত কোর্সে প্রবেশের সুযোগ থাকবে এবং তারা এম.এস. ৫৭১-এ ভর্তির বিষয়টি অব্যাহত রাখতে পারবে। উদাহরণ স্বরূপ, যদি বর্তমান ষষ্ঠ গ্রেডের কোন শিক্ষার্থী ২০১১-১২ বর্ষে সপ্তম গ্রেডে প্রমোশনের মান অর্জনে ব্যর্থ হয়, সে এম.এস. ৫৭১-এ ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থী হিসাবে ভর্তি অব্যাহত রাখতে পারবে, যদিও স্কুল ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থী হিসাবে নতুন কাউকে ভর্তি করবে না। যেসব ষিক্ষার্থী প্রমোশনের জন্য প্রয়োজনীয় মান অর্জনে ব্যর্থ হয়, তাদেরকে বিদ্যমান ক্লাসে অন্তর্ভূক্ত করা হবে, এই ক্লাস হল ব্রীজ ক্লাস বা পুল-ক্লাস এবং এখানে প্রমোশনের মান অর্জনের জন্য যথোপযুক্ত সহায়তা প্রদান ও পাঠদান করা হবে। স্কুল প্রশাসন ও পাঠদানের সঙ্গে যুক্ত স্টাফ পাঠদান সংক্রান্ত সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণ করবেন। জুন ২০১৩-এ (পর্যায়ক্রমিক প্রত্যাহারের চূড়ান্ত বছর) অষ্টম গ্রেডের যেসব শিক্ষার্থী গ্রাজুয়েশনের মান অর্জনে ব্যর্থ হবে, তাদের ডিসট্রিক্ট ১৩-এর অপর একটি মিডল স্কুল বা যে ডিসট্রিক্টে শিক্ষার্থী বসবাস করে সেই ডিসট্রিক্টের কোন মিডল স্কুল কতৃক পরিষেবা প্রদান করা হবে।

[17] পি.এস. ৯-এ একটি প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচীও পরিচালনা করা হয়। ধারণা করা হচ্ছে যে কর্মসূচীর কোন ব্যাঘাত ঘটবে না এবং তালিকায় প্রি-কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের অন্তর্ভূক্ত করা হয় নাই।

[18] নভেম্বর ১, ২০১০ এর অনিরীক্ষিত রেজিষ্টার মোতাবেক, প্রি-কিন্ডারগার্টেন বাদ দেয়া হয়েছে।

[19] প্রি-কিন্ডারগার্টেন ছাড়া।

এম.এস. ৫৭১-এ পরিচালিত প্রাতিষ্ঠানিক ও পাঠ বহির্ভূত বিষয়াদির ওপর প্রভাব

এম.এস. ৫৭১-এ বর্তমানে পরিচালিত পাঠ ও পাঠ বহির্ভূত বিষয়াদির তাৎক্ষণিক পরিবর্তনের কোন প্রস্তাব নাই। এতে বলা হয়েছে, স্কুল পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহার, ক্রমান্বয়ে স্বল্প-সংখ্যক শিক্ষার্থীকে পরিষেবা দান ও শেষে বন্ধ করে দেয়ার পর্যায়ে বর্তমানে পরিচালিত কিছু বিষয়ের ওপর অনিবার্যভাবেই প্রভাব পড়বে।

পাঠ সংক্রান্ত বিষয়ে এম.এস. ৫৭১- বর্তমান শিক্ষার্থীদের প্রমোশনের মান অর্জনের প্রচেষ্টায় সহায়তার জন্য প্রয়োজনীয় সব ক্লাস পরিচালনা করবে। স্কুলে মোট অন্তর্ভূক্তি সংখ্যা কমে যাওয়ায় স্কুল বিশেষ কর্মসূচী ও উদ্যোগ বা সমৃদ্ধকারী ক্লাস কমিয়ে দেবে। এসব পরিবর্তন কিভাবে বাস্তবায়িত হবে তা অনুমান করা কঠিন, কারণ সিদ্ধান্ত স্কুল প্রশাসনের ওপর নির্ভর করে এবং তা শিক্ষার্থীদের চাহিদা এবং কর্মচারী বা স্টাফ ও বাজেটের ওপর ভিত্তি করে গ্রহণ করা হবে।

এম.এস. ৫৭১- এর বিশেষ কর্মসূচী ও কোর্সের মধ্যে রয়েছে কণ্ঠ সঙ্গীত, সমন্বিত বীজগণিত, লিভিং এনভ্যারণমেন্ট-এর রিজেন্টস কোর্স, এবং স্প্যানিশ ক্লাস।

এম.এস. ৫৭১ শিক্ষার্থীদের অ্যাথলেটিকস এবং চ্যাম্পস কর্মসূচী এবং বালক ও বালিকাদের বাস্কেটবল, পরামর্শ দান ও মধ্যস্থতা বা মেনটরিং অ্যান্ড মেডিয়েশন কর্মসূচীর ন্যায় পাঠ বহির্ভূত কর্মসূচী অব্যাহত রাখবে, তবে স্কুল পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহারের ফলে অন্তর্ভূক্ত শিক্ষার্থী সংখ্যা কমে আসার কারণে কর্মসূচীর সংখ্যা ও মেয়াদ ক্রমে কমে আসবে। এক্ষেত্রেও এসব পরিবর্তন কিভাবে বাস্তবায়িত হবে তা যথাযথভাবে অনুমান করা কঠিন, কারণ সিদ্ধান্ত স্কুল প্রশাসনের ওপর নির্ভর করে এবং তা শিক্ষার্থীদের আগ্রহ এবং বিদ্যমান সম্পদের ওপর ভিত্তি করে গ্রহণ করা হবে।

এম.এস. ৫৭১ পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহারকালে বর্তমানে কলাবোরেটিভ টিম টিচিং (''সিটিটি'') ক্লাস, স্পেশাল ক্লাস (এসসি), এবং স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (''এসইটিএসএস'') পরিচালনা করছে। এখানে ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ইএলএল) জন্য দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি (''ইএসএল'') কর্মসূচীও আছে। এম.এস. ৫৭১-এ বিদ্যমান সিটিটি, এসসি এবং এসইটিএসএস ক্লাস পরিচালনা অব্যাহত থাকবে এবং প্রতিবন্ধকতা সম্পন্ন শিক্ষার্থীরা তাদের ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্লানস (আইইপি) অনুসারে অব্যাহতভাবে আবশ্যক পরিষেবা পেতে থাকবে। এই দলিলের অন্যত্র যেরূপ বর্ণনা করা হয়েছে, কে০০৯ আংশিকভাবে অভিগম্য হিসাবেই থাকবে। এম.এস. ৫৭১-এ বর্তমানে যেসব শিক্ষার্থী ইএলএল পরিষেবা পেয়ে আসছে স্কুলের পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহারকালেও তারা ইএলএল পরিষেবা পেতে থাকবে।

প্রস্তাবিত পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহারকালে ডিওই অতীত প্রচেষ্টার ওপর ভিত্তি করে নিম্নরূপভাবে স্কুলকে সহায়তা করবেঃ

- পাঠদান পরিকল্পনা, শিক্ষাদান প্রক্রিয়ার মান উন্নয়ন, এবং শিক্ষার্থীদের ব্যক্তিগত বা একক প্রয়োজন ভিত্তিক পাঠ সাজানো ও অন্যান্য বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ দান।
- অন্যান্য অধিকতর সফল স্কুলের সহকর্মীদের সঙ্গে শিক্ষক ও প্রশাসকদের সম্পর্ক বা ঘনিষ্ঠতার সুযোগ তৈরী করে দেয়া যাতে করে তারা পরস্পরের কাছ থেকে শিখতে, শিক্ষা দানের মান উন্নন করতে এবং শিক্ষার্থীদের আরো ভালোভাবে সহায়তা করতে পারে।
- স্কুলে যুব উন্নয়ন উদ্যোগ শক্তিশালী করতে কমিউমিটি-ভিত্তিক সংস্থাসমূহের সঙ্গে অংশীদারিত্বের সুযোগ করে দেয়া।

এম.এস. ৫৭১-এ কমিউমিটি অংশীদারিত্বের ওপর প্রভাব

বর্তমানে এম.এস. ৫৭১-এর কয়েকটি প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারিত্ব রয়েছেঃ অ্যাচিভমেন্ট ভায়া ইনডিভিজুয়াল ডিটারমিনেশন (এভিআইডি), যারা কলেজ-প্রস্তুতির সুযোগ করে দেয়; অ্যাজাইল মাইন্ড, শিক্ষা সংশ্লিষ্ট রিসোর্স এবং শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য উপকরণ প্রাপ্তির সুযোগ করে দেয়; কো-অপারেটিভ, হেলদি, অ্যাকটিভ, মোটিভেটেড, পজিটিভ স্টুডেন্ট (চ্যাম্পস), যা খেলাধূলা ও স্বাস্থ্য বিষয়ক কর্মসূচী পরিচালনা করে; দ্যা নোয়েল পয়েন্টার ফাউন্ডেশন, যা সঙ্গীত শিক্ষা কর্মসূচী পরিচালনা করে; প্রজেক্ট স্ট্রেচ, যা ইলেকট্রনিক কর্মসূচী পরিচালনা করে। এম.এস. ৫৭১ পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহারকালে শিক্ষার্থীদের জন্য এসব অংশীদারিত্বের সহায়তা অব্যাহত থাকবে, যদিও স্কুল বন্ধ হওয়ার প্রাক্কালে স্থানান্তর সম্পর্কিত প্রয়োজন ও সম্পদ সক্ষমতার ভিত্তিতে অংশীদারিত্বের প্রকৃতি ও আওতা পরিবর্তনের সম্ভাবনা থেকে যায়।

মিডল স্কুল ডিরেক্টরিতে যেমন বর্ণনা করা হয়েছে, অন্যান্য ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল বর্তমানে চ্যাম্পস –এর সুযোগ দিচ্ছে বা ওয়াইএমসিএ, ক্রিয়েটিভ আউটলেট ড্যান্স থিয়েটার ব্রুকলিন, এবং নিউ ইয়র্ক জুনিয়র টেনিস লীগ-এর মত অনুরূপ খেলাধূলা বা ফিটনেস সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারিত্ব রয়েছে। অন্যান্য ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুলেরও জয়সি থিয়েটার কোম্পানী, অ্যামেরিকান মিউজিয়াম অব ন্যাচারাল হিস্ট্রি, মারকুইজ স্টুডিওজ, আরবান ওয়ার্লড, এমওইউএসি স্কোয়াড, ব্রুকলিন মিউজিয়াম, ব্রুকলিন কুইন্স কঞ্জারভেটরি অব মিউজিক, এবং মার্ক মরিস ড্যান্স থিয়েটার কোম্পানীর মত প্রতিষ্ঠানের সঙ্গে স্বাক্ষরতা, সঙ্গীত, এবং শিক্ষামূলক প্রযুক্তি সম্পর্কিত কমিউনিটি অংশীদারিত্ব রয়েছে। ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুলে কলেজ সচেতনতা ও প্রস্তুতিতে সহযোগিতামূলক অন্যান্য অংশীদারিত্বের মধ্যে রয়েছে পিএসিই ইউনিভার্সিটি, ডিউক ইউনিভার্সিটি , সিইউএনওয়াই মেগার-এভার-স কলেজ, লং আইল্যান্ড ইউনিভার্সিটি, নিউ ইয়র্ক ইউনিভার্সিটি, এবং পলিটেকনিক ইউনিভার্সিটি। সুতরাং, ডিসট্রিক্ট ১৩-এর অধিবাসিদের জন্য অব্যাহতভাবে বর্তমানে এম.এস. ৫৭১ ও অন্যান্য ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুলে দেয়া অংশীদারিত্বের সুযোগ থাকবে।

স্কুল পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহারকালে, শিক্ষারথীদের সুনির্দিষ্ট নতুন প্রয়োজনের উদ্ভব হলে বিদ্যমান অংশীদারিত্বের আওতা বৃদ্ধি বা নতুন অংশীদারিত্ব সৃষ্টির জন্য ডিওই এম.এস. ৫৭১-এর কর্মচারীদের সঙ্গে কাজ করবে। ডিওই অতীতে এম.এস. ৫৭১-এর শিক্ষার্থীদের সহায়তা করেছে এধরণের কমিউনিটির সঙ্গে তাদের একত্রে কাজ করার সুযোগ করে দিতে ভবনের অন্যান্য স্কুল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সঙ্গে কাজ করবে। উপযুক্ত ক্ষেত্রে ডিওই, বর্তমানে এম.এস. ৫৭১ ও অন্যান্য ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুলের শিক্ষার্থীদের সহায়তা করছে এধরণের কমিউনিটি প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারিত্ব সৃষ্টি বা সম্প্রসারণের জন্য ব্রুকলিন ইস্ট কলেজিয়েট এবং পি.এস. ৯-এর সঙ্গে কাজ করবে।

পি.এস. ৯-এর বর্তমান বা ভবিষ্যত শিক্ষার্থী ভর্তির ওপর প্রভাব

এম.এস. ৫৭১-এর প্রস্তাবিত পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহার ও শেষে বন্ধ করার ফলে পি.এস. ৯-এর বর্তমান বা ভবিষ্যত শিক্ষার্থী ভর্তি বা পাঠদান কর্মসূচীতে প্রভাব ফেলবে না বলে ধারণা করা হচ্ছে। এছাড়া, বিদ্যমান তহবিল ও ভর্তি সংখ্যা অপরিবর্তিত রেখে পি.এস. ৯-এ প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচী অব্যাহত থাকবে এবং এই প্রস্তাব দ্বারা তা ক্ষতিগ্রস্ত হবে না। প্রি-কিন্ডারগার্টেন-এ অন্তর্ভূক্তির জন্য ভর্তি নীতিও অপরিবর্তিত থাকবে।[20] পি.এস. ৯ বর্তমানে তিনটি পূর্ণ-দিবস প্রি-কিন্ডারগার্টেন সেকশন পরিচালনা করে যেখানে আনুমানিক ৫৪ জন শিক্ষার্থী ভর্তি আছে। .

কে০০৯-এ পি.এস. ৯, এম.এস. ৫৭১ ও ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর প্রস্তাবিত সহাবস্থানের প্রভাব ডিসেম্বর ২০, ২০১০ তারিখে প্রকাশিত একটি পৃথক ইআইএস-এ বিস্তারিত বর্ণিত হয়েছে। অনুগ্রহ করে শিক্ষার প্রভাব সম্পর্কিত সেই বিবরণী দেখতে ডিওই-এর ওয়েবসাইট পরিদর্শন করুনঃ http://schools.nyc.gov/AboutUs/leadership/PEP/publicnotice/2010-2011/Feb32011Proposals

ভবিষ্যত মিডল স্কুল শিক্ষার্থী ভর্তির ওপর প্রভাব

এম.এস. ৫৭১ হল একটি মিডল স্কুল যা ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস প্রক্রিয়ার মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করে, যেখানে পঞ্চম গ্রেডের শিক্ষার্থীরা কেন্দ্রীয় আবেদনে তাদের মিডল স্কুল অগ্রাধিকার মোতাবেক সুযোগ পায় এবং কম্পিউটার ভিত্তিক মিলন বা ম্যাচিং প্রক্রিয়ায় তাদের স্কুল নির্বাচন করা হয়। এম.এস. ৫৭১ পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহার ও শেষে বন্ধ করে দেয়ার প্রস্তাব অনুমোদিত হলে ২০১০-২০১১ বর্ষের ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস আবেদন প্রক্রিয়ার ম্যাচিং প্রক্রিয়া থেকে এই স্কুল অপসারণ করা হবে, এবং ২০১১-২০১২ স্কুল বর্ষে পঞ্চম গ্রেডের কোন শিক্ষার্থী ম্যাচিং প্রক্রিয়ায় এম.এস. ৫৭১-এর সঙ্গে যুক্ত হবে না। উদাহরণ স্বরূপ পঞ্চম গ্রেডের কোন শিক্ষার্থী ভর্তির জন্য আবেদন করে এবং এম.এস. ৫৭১-কে তৃতীয়-পছন্দ হিসাবে রাখে, ম্যাচিং প্রক্রিয়ায় স্বয়ংক্রিয়ভাবে এটি এড়িয়ে চতুর্থ-পছন্দে চলে যাবে, এবং এভাবেই এই প্রক্রিয়া অগ্রসর হবে।

শিক্ষার্থীদের জন্য অব্যাহতভাবে ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস প্রক্রিয়ার মাধ্যমে ব্যাপক পরিসরে মিডল স্কুল পছন্দের সুযোগ থাকবে, যা ১২-১৩ পৃষ্ঠায় বর্ণিত হয়েছে। একটি পৃথক ইআইএস-এ ডিওই ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-কে বর্তমান অস্থায়ী অবস্থান ডিসট্রিক্ট ১৭ থেকে কে০০৯-এ স্থানান্তরের প্রস্তাব করছে যেখানে এই স্কুল পি.এস. ৯-এর সঙ্গে সহাবস্থান করবে ও ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল শিক্ষার্থীদের পরিষেবা দেবে।[21]

[20] ডিওই-এর প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচী তহবিল প্রাপ্তি ও শিক্ষার্থী ভর্তি সংখ্যার ভিত্তিতে পরিচালিত হয়।
[21] http://schools.nyc.gov/AboutUs/leadership/PEP/publicnotice/2010-2011/Feb32011Proposals

অনেক ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল কেবল ষষ্ঠ থেকে অষ্টম গ্রেড পর্যন্ত পরিচালনা করলেও ব্রুকলিন ইস্ট কলেজিয়েট পঞ্চম থেকে অষ্টম গ্রেড পর্যন্ত পরিচালনা করে। এম.এস. ৫৭১ পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহার ও শেষে বন্ধ করে দেয়ার এই প্রস্তাব অনুমোদিত হলে, এবং ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর কে০০৯-এ স্থানান্তর ও সহাবস্থানের প্রস্তাব অনুমোদিত হলে ডিসট্রিক্ট ১৩-এ বর্তমান বসবাসরত চতুর্থ গ্রেডের সকল শিক্ষার্থী বসন্তে চার্টার লটারি অ্যাপ্লিকেশন প্রক্রিয়ার মাধ্যমে সেপ্টেম্বর, ২০১১ বর্ষে ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এ পঞ্চম গ্রেডে ভর্তির জন্য আবেদন করার সুযোগ পাবে।[22]

শিক্ষার্থীদের ভবিষ্যত প্রয়োজন সবচাইতে ভালোভাবে অনুধাবনের জন্য ডিওই সময় ভিত্তিক উপাত্ত কাজে লাগায় যাতে করে পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহার সংক্রান্ত সিদ্ধান্তের ফলে কত সংখ্যক ও কোন ধরণের বৈশিষ্টের শিক্ষার্থীকে পরিষেবা দিতে হবে তা অনুমান করা যায়।

সেপ্টেম্বর ২০১০-এর জন্য ২০০৯-২০১০ স্কুল বর্ষে এম.এস. ৫৭১ স্কুলে মিডল স্কুল চয়েস প্রক্রিয়ায় ষষ্ঠ গ্রেডে আনুমানিক ৩৩ জন ভর্তি হয়। ৭ জন শিক্ষার্থী আগের বছর থেকে গ্রহণ করা হয়, এবং আনুমানিক ৯ জন ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীকে এম.এস. ৫৭১-এ ভর্তি করা হয় "ওভার-দি-কাউন্টার" ("ওটিসি") অন্তর্ভূক্তি প্রক্রিয়ায়। একইভাবে এম.এস. ৫৭১-এ ৬ জন শিক্ষার্থী সপ্তম গ্রেডে ভর্তি হয় এই ওভার-দি-কাউন্টার প্রক্রিয়ায় এবং মোট ১১ জন শিক্ষার্থী অষ্টম গ্রেডে।

ওভার-দি-কাউন্টার (ওটিসি) অন্তর্ভূক্তি হল সেই সব শিক্ষার্থী ভর্তি করা যাদের স্কুল এসাইনমেন্ট প্রয়োজন, কারণ তারা শুরু বা এন্ট্রি গ্রেডে ভর্তি প্রক্রিয়ায় অংশ নেয় নাই এবং/বা স্কুল চালু হওয়ার সময় কোন এনওয়াইসি স্কুলে ভর্তি হয় নাই। এসব শিক্ষার্থী নীচের তিনটির যে কোন একটি শ্রেণীতে পড়েঃ

- নিউ ইয়র্ক সিটি স্কুল পদ্ধতিতে নতুন; বা
- নিউ ইয়র্ক সিটি স্কুল পদ্ধতি ছেড়ে গিয়েছিল এবং আবার ফিরে এসেছে; বা
- বদলি চাচ্ছে (চ্যান্সেলর'স রেগুলেশন এ-১০১ এর বর্ণিত নির্দেশনার ভিত্তিতে)।[23]

মিডল স্কুলের জন্য যোগ্য কোন শিক্ষার্থী ওভার-দি-কাউন্টার অন্তর্ভূক্তির জন্য আগমন করলে তার আগ্রহ, বাড়ির ঠিকানা ও কোন স্কুলে আসন বিদ্যমান এসব তথ্যের এবং প্রযোজ্য ক্ষেত্রে বদলি সংক্রান্ত নির্দেশনার ভিত্তিতে তার স্কুল এসাইনমেন্ট নির্দ্ধারিত হয়। শিক্ষার্থীরা কোন ডিসট্রিক্ট-এর প্রাথমিক স্কুলে অন্তর্ভূক্ত ছিল বা শিক্ষার্থীর ঠিকানা মিডল স্কুলের জন্য কোন ডিসট্রিক্ট-এর জোনভূক্ত, সেই যোগ্যতার ভিত্তিতেই সে কোন মিডল স্কুলে যোগ দেবে। জোন বহির্ভূত ডিসট্রিক্ট-এ শিক্ষার্থীরা কোন বারা এনরোলমেন্ট অফিসে যেয়ে কোন উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করে, যিনি শিক্ষার্থীর চাহিদা মিটাবার পছন্দগুলি পর্যালোচনা করেন। তবে, অনেক ডিসট্রিক্টে শিক্ষার্থীরা বছরের শুরুতে কেবল তাদের জোনভূক্ত মিডল স্কুলে রিপোর্ট করে।

যদি ডিভিশন অব পোর্টফোলিও প্লানিং সিদ্ধান্ত নেয় যে বাড়তি ওটিসি আসন প্রয়োজন হতে পারে, তাহলে বিদ্যমান আসন সংখ্যা পর্যালোচনা করা হয় এবং—যদি স্থান সংকুলান হয়—তবে সেসব স্কুলে সমন্বয় করা হয় যেখানে ভর্তি পদ্ধতি সীমিত অবাছাই, শিক্ষাগত পছন্দ বা অবাছাই ধরণের। কোন জোন ভিত্তিক স্কুল সামর্থের সর্বোচ্চ সীমায় পৌঁছালে সেই স্কুল "ক্যাপ্‌ড" হতে পারে, যে ক্ষেত্রে ওটিসি-এর জন্য আগত শিক্ষার্থীদের অন্য ডিসট্রিক্ট-এর মিডল স্কুলে পাঠানো হতে পারে। যদি ক্যাপ্‌ড স্কুলে পর্যাপ্ত স্থান থাকে, তবে শিক্ষার্থী চাইলে তার ফিরে আসার অধিকার রয়েছে।

২০১০-২০১১ স্কুল বর্ষে ডিসট্রিক্ট ১৩ এর ১৪-টি স্কুল ওভার-দি-কাউন্টার ভর্তি প্রক্রিয়ায় গ্রেড ৬-৮ পর্যন্ত মোট ৩৭৪ জন শিক্ষার্থীকে অন্তর্ভূক্ত করে, যা প্রতি স্কুলের জন্য গড়ে প্রায় ২৭ জন শিক্ষার্থী হয়। এই প্রস্তাবের ফলে ২০১১-২০১২ বর্ষে সকল বাড়তি ও নতুন আসন ছাড়াই ডিসট্রিক্ট ১৩-এ আনুমানিক গড় ওটিসি শিক্ষার্থী বৃদ্ধি প্রতি স্কুলে দু'জনের কম, বা প্রতি গ্রেডে গড়ে একজন ছাত্রেরও কম হবে। .

[22] চার্টার স্কুল লটারির আবেদন প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে ডিওই-এর এনওয়াইসি চার্টার স্কুল ডিরেক্টরি দেখুন, যা ডিওই-এর ওয়েবসাইট থেকেও পরিদর্শন করা যায়ঃ http://schools.nyc.gov/community/planning/charters/For+Parents.

[23] চ্যান্সেলর'স রেগুলেশন এ-১০১ মোতাবেক শিক্ষার্থীদের স্কুল ত্যাগের এক পঞ্জিকা বছরের মধ্যে আসন থাকা স্বাপেক্ষে তাদের আগের স্কুলে ফিরে আসার অধিকার বা "রাইট টু রিটার্ণ" আছে। তাই এটা সম্ভব যে ওটিসি- এর জন্য আগত জোন বহির্ভূত শিক্ষার্থীরা জোন ভূক্ত স্কুলে ভর্তির সুযোগ পেতে পারে। .

ডিসট্রিক্ট ১৩, যেখানে মিডল স্কুল চয়েস রয়েছে, সেখানে শিক্ষার্থীদের নিজ ডিসট্রিক্ট-এর মধ্যে কিছু সংখ্যক মিডল স্কুলে, এবং/বা বারা-ভিত্তিক বা সিটি-ভিত্তিক উপযুক্ততা সম্পন্ন স্কুলে আবেদনের সুযোগ দেয়া হয়। শিক্ষার্থীরা বেশকিছু সংখ্যক এমন স্কুলেও আবেদন করার সুযোগ পায়, যেগুলো নিজস্ব ভর্তি প্রক্রিয়া নিজেরাই পরিচালনা করে থাকে।। এসব পছন্দ সম্পর্কিত তথ্য প্রত্যেক ডিসট্রিক্ট-এর মিডল স্কুল চয়েস ডিরেক্টরি-তে উল্লেখ আছ যা পাওয়া যাবে এই ওয়েবসাইটেঃ http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle/Publications. । ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস-এ শিক্ষার্থীরা ডিসট্রিক্ট ১৩- এর চয়েস মিডল স্কুল থেকে পছন্দক্রম নির্ধারণ করে থাকে। এখানে পছন্দের সুযোগগুলোর মধ্যে রয়েছেঃ

- বাছাইকৃত আবেদন প্রক্রিয়া সমেত চয়েস মিডল স্কুল (স্কুল নির্ধারিত মানদন্ডের ভিত্তিতে ভর্তি করা হয়);
- অবাছাইকৃত বা সীমিত- অবাছাইকৃত আবেদন প্রক্রিয়া সমেত চয়েস মিডল স্কুল (উল্লেখ্য, সীমিত অবাছাইকৃত স্কুল অবাছাইকৃত স্কুলের ন্যায় একই ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করে, ব্যতিক্রম এই যে তারা স্কুলের তথ্য সংক্রান্ত অধিবেশনে যোগদানকারী শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করে)।

এম.এস. ৫৭১-এর সঙ্গে তুলনাযোগ্য ভর্তি পদ্ধতি (বাছাইকৃত) সংশ্লিষ্ট স্কুল হল এম.এস. ১১৩ (১৩কে১১৩; এই স্কুল সম্পর্কে অতিরিক্ত তথ্য 12 পৃষ্ঠার তালিকায় রয়েছে)।

এছাড়া, রেফারালের মাধ্যমে বাছাই ও অডিশন মিডল স্কুল এবং বিকল্প কর্মসূচী গ্রহণের সুজোগ থাকে। এভাবে ডিওই প্রত্যেক শিক্ষার্থীকে বহু সংখ্যক স্কুলের মধ্য থেকে ব্যাপক পরিসরে পছন্দের সুযোগ করে দিতে সক্ষম।

আইইপি সম্পন্ন শিক্ষার্থীরা তাদের প্রতিবন্ধকতা বিহীন সঙ্গীদের মত একই ভাবে মিডল স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশ নেবে। ডিওই মিডল স্কুলগুলোকে শিক্ষার্থীদের আইইপি পুনরুদ্ধারে সহায়তা করবে যাতে করে প্রতিবন্ধকতা সম্পন্ন শিক্ষার্থীদের প্রয়োজন মিটানো সম্ভব হয়। এক্ষেত্রে শিক্ষার্থীরা যেন যতদূর সম্ভব সাধারণ শিক্ষা পাঠক্রমে অন্তর্ভুক্ত হতে পারে তা নিশ্চিত করতে ব্যক্তির চাহিদা ভিত্তিক পরিষেবা দেয়া হবে। কোন শিক্ষার্থীরা যে মিডল স্কুলের সঙ্গে মিলে যাবে, সেই স্কুল শিক্ষার্থীর প্রয়োজন মিটানোর কর্মসূচী প্রণয়ন করবে। আইইপি সম্পন্ন শিক্ষার্থী যারা মিডল স্কুলে অন্তর্ভুক্ত হতে যাচ্ছে তাদের জন্য এই প্রক্রিয়া অন্য সব শিক্ষার্থীর মত একইভাবে কার্যকর হবে। অনুরূপভাবে আইইপি সম্পন্ন কোন শিক্ষার্থী যে চয়েস স্কুলের সঙ্গে মিলবে সেখান থেকে অব্যাহতভাবে যথোপযুক্ত পরিষেবা পাবে।

ডিওই নীতি মোতাবেক ইএলএল শিক্ষার্থীরা ইএলএল নয়, তাদের সেই সব সঙ্গীর মত একই ভাবে মিডল স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশ নেবে। ইএলএল শিক্ষার্থীদের তাদের ইংরেজি ভাষাভাষী সঙ্গীদের মত একই মানদন্ডের আলোকে কোন ক্লাশ বা প্রোগ্রামে অন্তর্ভূক্ত করা হবে। এম.এস. ৫৭১-এর বর্তমান যেসব শিক্ষার্থী ইএলএল পরিষেবা গ্রহণ করে আসছে, তারা এম.এস. ৫৭১-এর পর্যায়ক্রমিক প্রত্যাহারের পর অব্যাহতভাবে ইএলএল পরিষেবা পাবে। অনুরূপভাবে ইএলএল পরিষেবা প্রয়োজন, এমন শিক্ষার্থীরা যে মিডল স্কুলের সঙ্গে মিলেছে বা ম্যাচ করেছে, সেই স্কুলে অব্যাহতভাবে যথোপযুক্ত পরিষেবা পাবে।

এছাড়া, ভবিষ্যত ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদের জন্য অব্যাহতভাবে ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস প্রক্রিয়ার মাধ্যমে ব্যাপক পরিসরে মিডল স্কুল পছন্দের সুযোগ থাকবে। নীচের তালিকায় ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুলগুলোর কার্য-মান, %এসই, ভর্তি প্রক্রিয়া, প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রার ধারণ ক্ষমতা,[24] লক্ষ্যমাত্রার সদ্ব্যবহার হার,[25] মোট ভর্তি সংখ্যা[26] এবং অভিগম্যতা দেখানো হয়েছে।

স্কুল	ডিস্ট্রিক্ট	ঠিকানা	২০১০-২০১১-এ পরিষেবা দেয়া হয়েছে যেসব গ্রেডে	২০০৯-২০১০-এর প্রোগ্রেস রিপোর্ট গ্রেড	%এসই	%ইএলএল	ভর্তি প্রক্রিয়া	প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রার আসন ক্ষমতা	লক্ষ্যমাত্রার সদ্ব্যবহার হার	২০১০-২০১১-এ ভর্তি সংখ্যা	অবস্থানস্থলে অভিগম্যতা
সাটেলাইট থ্রী	১৩কে১০৩	170 GATES AVENUE	৬-৮	সি	৯%	৪%	ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস -বাছাই	৩৪৪	৮১%	২৭৬	কার্যত অভিগম্য
এম.এস. ১১৩ রোনাল্ড এডমন্ডস লার্নিং সেন্টার	১৩কে১১৩	300 ADELPHI STREET	৬-৮	সি	১৩%	২%	ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস -বাছাই এবং অডিশন	১৩৫৭	৬৯%	৯২১	কার্যত অভিগম্য
ডক্টর সুজান এস. ম্যাককিন্নি সেকেন্ডারি স্কুল অফ দি আর্টস	১৩কে২৬৫	101 PARK AVENUE	৬-১২	সি	৭%	২%	ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস - অডিশন	১১১০	৪৭%	৪৯৫	অভিগম্য নয়
এম.এস. কে২৬৬-পার্ক প্লেস কমিউনিটি মিডল স্কুল	১৩কে২৬৬	62 PARK PLACE	৬-৮	সি	৩%	১%	ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস -বাছাই	০	০%	১৯৭	অভিগম্য নয়
পি.এস.২৮২ পার্ক স্লোপ	১৩কে২৮২	180 6 AVENUE	কে-৮	বি	১%	২%	ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস -সীমিত অবাছাই	৮৯৬	৯৯%	৯৫৮	অভিগম্য নয়
সাটেলাইট ইস্ট মিডল স্কুল	১৩কে৩০১	344 MONROE STREET	৬-৮	ডি	৯%	২%	ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস -বাছাই	২৮৩	৮৯%	২৪২	অভিগম্য নয়
সাটেলাইট ওয়েস্ট মিডল স্কুল	১৩কে৩১৩	209 YORK STREET	৬-৮	বি	১৩%	৪%	ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস -বাছাই	৪০৪	৫৪%	১৭৭	অভিগম্য নয়
অ্যাকাডেমি অব বিজনেস অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট	১৩কে৩৩৬	141 MACON STREET	৬-১১	ডি	১১%	২%	ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস -বাছাই	৫৯২	৩৫%	২৩০	কার্যত অভিগম্য

[24] ২০১০-১১ স্কুল বর্ষের জন্য লক্ষ্যমাত্রার ধারণ ক্ষমতা ও সদ্ব্যবহার হারের অফিসিয়াল তথ্য এখনও পাওয়া যায় নাই। এই দলিলে উল্লেখিত ভবন সদ্ব্যবহার সম্পর্কিত সকল তথ্য ২০০৯-১০-এর এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাইজেশন রিপোর্ট ("ব্লু বুক")-এর ধারণ ক্ষমতা সম্পর্কিত উপাত্ত থেকে নেয়া হয়েছে। উল্লেখ্য, ধারণ ক্ষমতা ও সদ্ব্যবহার সংক্রান্ত তথ্য সর্বদাই কোন স্কুল নিম্ন বা উচ্চ সদ্ব্যবহারের পর্যায়ে রয়েছে কি-না, তা নির্ধারণের যথাযথ নির্দেশক নয়, প্রযোজ্য ক্ষেত্রে ভবনটিতে বিদ্যমান স্থান নির্ধারণের জন্য অফিস অব দে স্পেস প্লানিং ভবনটিতে ব্যাপক পরিসরে সরেজমিন জড়িপ পরিচালনা করবে।

[25] প্রতিষ্ঠানের ধারণ ক্ষমতা ও সদ্ব্যবহার হারে, ২০০৯-১০-এর এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাইজেশন রিপোর্ট থেকে নেয়া হয়েছে। .

[26] নভেম্বর ১, ২০১০-এর অ-নিরীক্ষিত রেজিস্টার ভিত্তিক, প্রি-কিন্ডারগার্ডেন অন্তর্ভূক্ত করা হয় নাই।

আরবান অ্যাসেম্বলি অ্যাকাডেমি অব আর্টস অ্যান্ড লেটারস	১৩কে৪৯২	225 ADELPHI STREET	৬-৮	বি	১৩%	১%	ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস -বাছাই	৩৬২	৮০%	৩০৭	কার্যত অভিগম্য
আরবান অ্যাসেম্বলি ইনসটিটিউট অব ম্যাথ অ্যান্ড সাইন্স ফর ইয়াং উইমেন	১৩কে৫২৭	283 ADAMS STREET	৬-১১	ডি	৭%	১%	ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস -বাছাই	৪৫০	৭০%	৩৯৮	অভিগম্য নয়
খলিল জিবরান ইন্টারন্যাশনাল অ্যাকাডেমি	১৩কে৫৯২	50 NAVY STREET	৬-৮	সি	-	১০%	ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস -বাছাই	১৭৭	৬৫%	১১১	অভিগম্য নয়
নলেজ অ্যান্ড পাওয়ার প্রিপারেটরি অ্যাকাডেমি VII মিডল স্কুল	১৩কে৫৯৬	300 WILLOUGHBY	৬-৮	ডি	৮%	৪%	ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস -সীমিত অবাছাই	৩৫৯	৫৪%১১	১৮৮	অভিগম্য নয়
ফোর্ট গ্রীনি প্রিপারেটরি অ্যাকাডেমি	১৩কে৬৯১	100 CLERMONT AVENUE	৬	-	-	-	ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস -বাছাই	প্রযোজ্য নয়	০%	১০৪	প্রযোজ্য নয়

এছাড়া, ভবিষ্যত ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদের জন্য অব্যাহতভাবে ডিসট্রিক্ট বারা ভিত্তিক ও সিটি ভিত্তিক মিডল স্কুলসমূহে ব্যাপক পরিসরে মিডল স্কুল পছন্দের সুযোগ থাকবে।[27] এখানে তালিকাভূক্ত স্কুলগুলো পরিচালিত বিশেষ কর্মসূচী ও কোর্স সম্পর্কে আরও তথ্য অনলাইন মিডল স্কুল ডিরেকটরিতে আছে, যা বছর ভিত্তিক হালনাগাদ করা হয়ঃ http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle.

[27] প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রার ধারণ ক্ষমতা ও লক্ষ্যমাত্রার সদ্ব্যবহার হার সম্পর্কিত সকল তথ্য ২০০৯-১০-এর এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাইজেশন রিপোর্ট থেকে নেয়া; ভর্তি সম্পর্কিত তথ্য নভেম্বর ১, ২০১০-এর অ-নিরীক্ষিত রেজিস্টার ভিত্তিক, যেখানে প্রি-কিন্ডারগার্ডেন অন্তর্ভূক্ত করা হয় নাই।

স্কুল	ডিবিএন	ঠিকানা	২০১০-২০১১-এ পরিষেবা দেয়া সর্বোচ্চ গ্রেড	২০০৯-২০১০-এর প্রোগ্রেস রিপোর্ট গ্রেড	%এসই	%ইএলএল	ভর্তি প্রক্রিয়া	প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রার আসন ক্ষমতা[28]	লক্ষ্যমাত্রার সদ্ব্যবহার হার[29]	২০১০-২০১১-এ ভর্তি সংখ্যা[30]	অবস্থানস্থলে অভিগম্যতা [৪]
নিউ এক্সপ্লোরেশনস ইনটু সাইন্স, টেকনোলজি অ্যান্ড ম্যাথ হাই স্কুল	০১এম৫৩৯	111 COLUMBIA STREET Manhattan	কে-১২	এ	০%	০%	সিটিওব্যাপী স্কুল ভিত্তিক আবেদন-বাছাই	১৫৬০	৯৫%	১,৫৯৩	অভিগম্য নয়
ইন্সটিটিউট ফর কলাবোরেটিভ এডুকেশন	০২এম৪০৭	345 EAST 15TH STREET Manhattan	৬-১২	সি	০%	১%	সিটিওব্যাপী স্কুল ভিত্তিক আবেদন-বাছাই	৩৫৭	১৩৬%	৪৯৮	অভিগম্য নয়
প্রোফেশনাল পারফর্মিং আর্টস হাই স্কুল	০২এম৪০৮	328 WEST 48 STREET Manhattan	৬-১২	এ	০%	১%	সিটিওব্যাপী স্কুল ভিত্তিক আবেদন-বাছাই	৫৪০	৮৬%	৪৯৫	অভিগম্য নয়
বলেট টেক, এনওয়াইসি পাবলিক স্কুল ফর ড্যান্স	০২এম৪৪২	890 BROADWAY Manhattan	৫-৮	সি	০%	7%	সিটিওব্যাপী স্কুল ভিত্তিক আবেদন-বাছাই	৩৪৮	৫৮%	১৪৮	আংশিক অভিগম্য
দি এন্ডারসন	০৩এম৩৩৪	100 WEST 77 STREET Manhattan	কে-৮	এ	০%	১%	সিটিওব্যাপী স্কুল ভিত্তিক আবেদন-বাছাই	৪৩১	১৩১%	৫৭১	অভিগম্য নয়
ট্যাগ ইয়াং স্কলারস	০৪এম০১২	240 EAST 109 STREET Manhattan	কে-৮	এ	০%	০%	সিটিওব্যাপী স্কুল ভিত্তিক আবেদন-বাছাই	৪২৯	১০৯%	৫০৪	কার্যত অভিগম্য
অ্যাকাডেমি অব বিজনেস অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট	১৩কে৩৩৬	141 MACON STREET BROOKLYN NY	৬-১১	ডি	১১%	2%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস-বাছাই	৫৯২	৭০%	২৩০	কার্যত অভিগম্য
আরবান অ্যাসেম্বলি ইনসটিটিউট অব ম্যাথ অ্যান্ড সাইন্স ফর ইয়াং উইমেন	১৩কে৫২৭	283 ADAMS STREET BROOKLYN NY	৬-১০	ডি	৭%	১%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস	৪৫০	৩৫%	৩৯৮	অভিগম্য নয়
খলিল জিবরান ইন্টারন্যাশনাল অ্যাকাডেমি	১৩কে৫৯২	50 NAVY STREET BROOKLYN NY	৬-৮	সি	০%	10%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস-বাছাই	১৭৭	৬৫%	১১১	অভিগম্য নয়
ইয়াং উইমেন'স লিডারশীপ স্কুল অব ব্রুকলিন	১৪কে৬১৪	223 GRAHAM AVENUE BROOKLYN	৬-৮	সি	১৫%	৬%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস-সীমিত অবাছাই	৫১৬	২৫%	১৯৮	অভিগম্য নয়
সাইন্স, টেকনোলজি অ্যান্ড রিসার্চ আর্লি কলেজ হাই স্কুল অ্যাট ইরাসমাস	১৭কে৫৪৩	911 FLATBUSH AVENUE BROOKLYN	৬-১২	সি	০%	০%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস-বাছাই	৬৭৮	৭২%	৫১৭	কার্যত অভিগম্য

[28] প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রার ধারণ ক্ষমতা ও লক্ষ্যমাত্রার সদ্ব্যবহার হার সম্পর্কিত সকল তথ্য ২০০৯-১০-এর এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাইজেশন রিপোর্ট থেকে নেয়া; ভর্তি সম্পর্কিত তথ্য নভেম্বর ১, ২০১০-এর অ-নিরীক্ষিত রেজিস্টার ভিত্তিক, যেখানে প্রি-কিন্ডারগার্ডেন অন্তর্ভূক্ত করা হয় নাই।

[29] প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রার ধারণ ক্ষমতা ও লক্ষ্যমাত্রার সদ্ব্যবহার হার সম্পর্কিত সকল তথ্য ২০০৯-১০-এর এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাইজেশন রিপোর্ট থেকে নেয়া; ভর্তি সম্পর্কিত তথ্য নভেম্বর ১, ২০১০-এর অ-নিরীক্ষিত রেজিস্টার ভিত্তিক, যেখানে প্রি-কিন্ডারগার্ডেন অন্তর্ভূক্ত করা হয় নাই।

[30] নভেম্বর ১, ২০১০-এর অ-নিরীক্ষিত রেজিস্টার উপাত্ত

মেডগার এভারস কলেজ প্রিপারেটরি স্কুল	১৭কে৫৯০	1186 CARROLL STREET BROOKLYN	৬-১২	বি	০%	০%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস-বাছাই	৭৫৩	১২৫%	১,০৩৬	কার্যত অভিগম্য
পি.এস. ২৩৫ লেনক্স স্কুল	১৮কে২৩৫	525 LENOX ROAD BROOKLYN	কে-৮	বি	২%	১%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস-বাছাই	৬৮০	৮৮%	১,৩১৩	আংশিক অভিগম্য
আরবান অ্যাসেম্বলি স্কুল ফর ক্রিমিন্যাল জাসটিস (অল গার্লস)	২০কে৬০৯	4200 16 AVENUE BROOKLYN	৬-৯	বি	৬%	১১%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস-অবাছাই	২৪২	৮৮%	২৯৫	আংশিক অভিগম্য
মার্ক টুয়াইন আই.এস. ২৩৯ ফর দি গিফটেড অ্যান্ড ট্যালেনটেড	২১কে২৩৯	2401 NEPTUNE AVENUE BROOKLYN	৬-৮	এ	২%	২%	সিটিব্যাপী চয়েস (গিফটেড ও ট্যালেনটেড-বাছাই)	১৬৮৬	৭৬%	১,৩৩০	অভিগম্য নয়
ব্রুকলিন কলেজ অ্যাকাডেমি	২২কে৫৫৫	2900 BEDFORD AVENUE BROOKLYN	৭-১২	বি	০%	০%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস-বাছাই	৪৮৮	৬৫%	৬২০	কার্যত অভিগম্য
ব্রুকলিন কলেজিয়েটঃ এ কলেজ বোর্ড স্কুল	২৩কে৪৯৩	2021 BERGEN STREET BROOKLYN	৬-১২	ডি	৪%	১%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস-বাছাই	১০৯৭	৫৫%	৫৯৯	কার্যত অভিগম্য
কাম্বা V	২৩কে৫১৮	985 ROCKAWAY AVENUE BROOKLYN	৬-৮	সি	১৪%	১%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস-বাছাই	৪৮০	৫৮%	২৬০	অভিগম্য নয়
মট হল IV	২৩কে৫২২	1137 HERKIMER STREET BROOKLYN	৬-৮	সি	৫%	১%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস-বাছাই	৪৭৪	৪৬%	২৫৮	অভিগম্য নয়
ঈগল অ্যাকাডেমি ফর ইয়াং মেন II (অল বয়েজ)	২৩কে৬৪৪	1137 HERKIMER STREET BROOKLYN	৬-৮	এ	১৬%	২%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস-বাছাই	৪৭৮	৩১%	২১২	অভিগম্য নয়
টচার্স হাই প্রিপারেটরি স্কুল	২৩কে৬৯৭	226 BRISTOL STREET BROOKLYN	৬-১২	সি	৭%	২%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস-বাছাই	৬৬৭	৮৭%	৫৭২	কার্যত অভিগম্য
জে.এইচ.এস. ৩৮৩ ফিলিপ্পা স্কুয়েলার	২৩কে৩৮৩	1300 GREENE AVENUE BROOKLYN	৫-৮	সি	৪%	১%	বারাব্যাপী ডিসট্রিক্ট মিডল স্কুল চয়েস-বাছাই	১২৭৭	৮৮%	৯৭১	কার্যত অভিগম্য

B. স্কুলসমূহ

এম.এস. ৫৭১ বর্তমানে ১৬৯ জন শিক্ষার্থী ভর্তি করে, যার মধ্যে ৪৯ জন ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থী। পর্যায়ক্রমিক প্রত্যাহার ও ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর স্থানান্তরের প্রস্তাব অনুমোদিত হলে এম.এস. ৫৭১ ধীরে ধীরে উঠে যাবে এবং কে০০৯-এ ব্রুকলিন ইস্ট কলেজিয়েট পর্যায়ক্রমে স্থাপিত হবে। তাছাড়া ১৬ পৃষ্ঠার বর্ণনা মোতাবেক বিদ্যমান ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুলগুলোতে শিক্ষার্থী স্থান দেয়ার জন্য পর্যাপ্ত ধারণ ক্ষমতা রয়েছে।

কে০০৯-এর জন্য সার্বিক পরিকল্পনায় রয়েছে এম.এস. ৫৭১-এর পর্যায়ক্রমিক প্রত্যাহার এবং ব্রুকলিন ইস্ট কলেজিয়েট স্থানান্তর, যেটি ২০১৩-১৪-এ পূর্ণ মাত্রায় পৌঁছালে পঞ্চম থেকে অষ্টম গ্রেডের ৩০০-৩৫০ আনুমানিক শিক্ষার্থীকে পরিষেবা দেবে বলে ধারণা করা হচ্ছে। এই দলিলে ্গেই উল্লেখ করা হয়েছে যে, ব্রুকলিন ইস্ট কলেজিয়েট হল একটি বিদ্যমান চার্টার স্কুল যা শুরুতে ২০১১-১২ বর্ষে ডিসট্রিক্ট ১৩-এর অধিবাসীদের অগ্রাধিকার দিয়ে চার্টার লটারি পদ্ধতিতে পঞ্চম গ্রেডের শিক্ষার্থী ভর্তি করবে। এই ভবনে প.এস. ৯-ও অবস্থান করবে, যেটি কিন্ডারগার্টেন থেকে পঞ্চম গ্রেড পর্যন্ত আনুমানিক ৫৪৪ জন শিক্ষার্থী ভর্তি করে। ২০১৩-১৪-এ ব্রুকলিন ইস্ট কলেজিয়েট পূর্ণ মাত্রায় পৌঁছালে ভবনটিতে প্রত্যাশিত মোট ভর্তি সংখ্যা হবে ৯৫০-১,০০০[31], এবং প্রত্যাশিত সদ্ব্যবহার হবে আনুমানিক ৮৪%। এর অর্থ এই, পূর্ণ মাত্রায় ব্রুকলিন ইস্ট কলেজিয়েট ও প.এস. ৯-কে স্থান দেয়ার মত পর্যাপ্ত সামর্থ কে০০৯ ভবনটিতে রয়েছে। কে০০৯ ভবনটি অব্যাহতভাবে একটি আংশিক অভিগম্যতা সম্পন্ন ভবন বিদ্যমান থাকবে।

এই প্রস্তাব অনুমোদিত হলে যে সময় ধরে এম.এস. ৫৭১-এর পর্যায়ক্রমিক প্রত্যাহার ও ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর পর্যায়ক্রমিক স্থাপনের কাজ চলবে, সেই সময়ের জন্য সিটিওয়াইড ইনস্ট্রাকশনাল ফুটপ্রিন্ট ("ফুটপ্রিন্ট") মোতাবেক এম.এস. ৫৭১, পি.এস. ৯ ও ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-কে স্থান দেয়ার মত পর্যাপ্ত সুযোগ ভবনটিতে থাকবে। অনুগ্রহ করে সিটি স্কুলগুলোতে স্থান বরাদ্দ ও ব্যবহার সম্পর্কিত নীতিমালা, ফুটপ্রিন্ট –দেখতে ডিওই-এর ওয়েবসাইট পরিদর্শন করুনঃ http://schools.nyc.gov/NR/rdonlyres/8CF30F41-DE25-4C30-92DE-731949919FC3/87633/NYCDOE_Instructional_Footprint_Final9210TNT.pdf.

২০০৯-২০১০ বর্ষের ডিরেক্টর অব স্পেস প্লানিং কতৃক সরেজমিন ভবন জরিপ অনুযায়ী কে০০৯-এ ৫৬-টি পূর্ণ আকারের রুম, ১-টি পূর্ণ-আকারের বিজ্ঞান প্রদর্শ রুম, ১০-টি অর্ধ-আকারের ও ৬-টি এক-চতুর্থাংশ আকারের রুমসহ মোট ৭২-টি রুম আছে। এম.এস. ৫৭১-এর পর্যায়ক্রমিক প্রত্যাহার ও ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর পর্যায়ক্রমিক স্থাপনের সময় সকল স্কুল যৌথভাবে ব্যবহার করবে, কে০০৯-এ সেরকম রুমও আছে। এগুলো হলঃ একটি ক্যাফেটারিয়া, দু'টি জিমনেশিয়াম, এবং গ্রন্থাগার। সহাবস্থানকারী স্কুলগুলোর প্রিন্সিপ্যাল সমন্বয়ে গঠিত বিল্ডিং কাউন্সিল, স্পেস প্লানিং-এর ডিওই অফিস সহযোগে যৌথ স্থান বরাদ্দ সম্পর্কিত সুনির্দিষ্ট সিদ্ধান্ত নেবে।

উভয় প্রস্তাব এবং নতুন স্কুলের পর্যায়ক্রমিক স্থাপনের প্রস্তাব অনুমোদিত হলে, প্রত্যেক স্কুল-কে ফুটপ্রিন্ট মোতাবেক স্থান বরাদ্দ করা হবে। ২০১১-২০১২ বর্ষে এম.এস. ৫৭১ সপ্তম ও অষ্টম গ্রেডের ৮৫-১০৫ জন শিক্ষার্থীকে পরিষেবা দেবে (প্রতিবন্ধিত্ব সম্পন্ন শিক্ষার্থীসহ)। ফুটপ্রিন্ট মোতাবেক এম.এস. ৫৭১-কে কমপক্ষে ৮-টি পূর্ণ আকারের ক্লাশরুম বরাদ্দ করা হবে। এম.এস. ৫৭১-কে ফুটপ্রিন্ট মোতাবেক রিসোর্স রুম ও অফিসের স্থান বরাদ্দ করা হবে।.[32]

২০১১-২০১২ বর্ষে পি.এস. ৯–এ ৬০০-৬৫০ জনে শিক্ষার্থীকে পরিষেবা দেবে (৩-টিপ্রি-কিন্ডারগার্টেন ও ৪-টি স্বনিয়ন্ত্রিত বিশেষ ক্লাসে ভরতি শিক্ষার্থী সহ)। তাই, ফুটপ্রিন্ট মোতাবেক পি.এস. ৯ –কে ন্যূনতম ৩৪-টি পূর্ণ আকারের ক্লাশরুম বরাদ্দ করা হবে। এর মধ্য ৩-টি পূর্ণ-আকারের গুচ্ছ রুমের বরাদ্দও রয়েছে। এছাড়া পি.এস. ৯-কে ফুটপ্রিন্ট মোতাবেক প্রশাসনিক ও রিসোর্স স্থান বরাদ্দ করা হবে।

ব্রুকলিন ইস্ট কলেজিয়েট ২০১১-২০১২ স্কুল বর্ষে গ্রেড ৯চম ও ষষ্ঠ গ্রেডের ১৬০ জন শিক্ষার্থীকে (প্রতিবন্ধিত্ব সম্পন্ন শিক্ষার্থীসহ) পরিষেবা দেবে। ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-কে ন্যূনতম ৭-টি পূর্ণ আকারের ক্লাশরুম বরাদ্দ পাবে। ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-কে ফুটপ্রিন্ট মোতাবেক রিসোর্স রুম ও অফিস স্থানও বরাদ্দ করা।[33]

---

[31] প্রি-কিন্ডারগার্ডেন অন্তর্ভূক্ত করা হয় নাই।

[32] অর্ধ-আকারের ক্লাসরুমগুলো রিসোর্স রুম বা অফিসের স্থানের মত স্বনিয়ন্ত্রিত বিশেষ শিক্ষা ক্লাসরুম হিসাবে ব্যবহার করা যায়। এগুলো ফুটপ্রিন্ট মোতাবেক বরাদ্দ করা হবে। কোন স্কুলকে ফুটপ্রিন্ট মোতাবেক বরাদ্দের ক্ষেত্রে অর্ধ-আকারের রুম বা প্রশাসনিক কাজে ব্যবহারের রুম ভবনে অপর্যাপ্ত সংখ্যক হলে ডিওই সেটা পুষিয়ে দেয়ার জন্য সেই স্কুলকে বাড়তি পূর্ণ-আকারের রুম বরাদ্দ করতে পারে। অনুরূপভাবে, রিসোর্স রুম বা স্বনিয়ন্ত্রিত বিশেষ শিক্ষা ক্লাসরুম হিসাবে ব্যবহারের জন্য অর্ধ-আকারের রুম সংখ্যা অপর্যাপ্ত হলে. পূর্ণ-আকারের রুম বরাদ্দ করা যেতে পারে।

[33] ওপরের অনুরূপ।

২০১১-২০১২ বর্ষের স্থান বরাদ্দ সম্পর্কিত বিস্তারিত তথ্য নীচের তালিকা, এবং বিল্ডিং ইউটিলাইজেশন প্লান ("বিইউপি")-এ বর্ণিত হয়েছে। বিইউপি-এর সঙ্গে কে০০৯-এ ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর সহাবস্থানের প্রস্তাব সংশ্লিষ্ট ইআইএস রয়েছে।

	পূর্ণ-আকারের রুম ফুটপ্রিন্ট মোতাবেক ন্যূনতম বরাদ্দ	অর্ধ-আকারের রুম ফুটপ্রিন্ট মোতাবেক ন্যূনতম বরাদ্দ	প্রশাসনিক রুম ফুটপ্রিন্ট মোতাবেক ন্যূনতম বরাদ্দ	অতিরিক্ত বরাদ্দ পূর্ণ-আকারের রুম	অতিরিক্ত বরাদ্দ অর্ধ-আকারের রুম	অতিরিক্ত বরাদ্দ প্রশাসনিক রুম
পি.এস. ৯	৩৪	২	৪	৩	৪	১০
এম.এস. ৫৭১	৮	০	২	১	০	৫
ব্রুকলিন ইস্ট কলেজিয়েট	৭	২	২	১	০	০

২০১৩-২০১৪ বর্ষে ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর পূর্ণ মাত্রায় সম্প্রসারণের পর **পঞ্চম থেকে অষ্টম গ্রেড পর্যন্ত আনুমানিক ৩০০-৩৫০ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে।** ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-কে ফুটপ্রিন্ট মোতাবেক ন্যূনতম ১৩-টি পূর্ণ আকারের ক্লাসরুম বরাদ্দ করা হবে। রিসোর্স রুম ও অফিস স্থানও বরাদ্দ করা হবে। পি.এস. ৯ কিন্ডারগার্টেন থেকে পঞ্চম গ্রেড পর্যন্ত আনুমানিক ৬০০-৬৫০ জন এবং প্রি- কিন্ডারগার্টেন-এর ৫৪ জন শিক্ষার্থীকে পরিষেবা দেবে বলে অনুমান করা হচ্ছে। ফুটপ্রিন্ট মোতাবেক পি.এস. ৯ –কে ন্যূনতম ৩৬-টি পূর্ণ-আকারের ক্লাসরুম বরাদ্দ করা উচিৎ। ফুটপ্রিন্ট মোতাবেক প্রত্যেক স্কুল রিসোর্স রুম ও অফিসের জন্য স্থান পাবে।[34] এর মধ্যে থাকবে ৩-টি পূর্ণ-আকারের গুচ্ছ রুম।

প্রত্যেক স্কুলের স্বায়ত্ব শাসন রক্ষার জন্য ডিওই, পি.এস. ৯-কে সমগ্র নীচ তলা (গ্রাউন্ড ফ্লোর) ও দ্বিতীয় তলা (ফাস্ট ফ্লোর) এবং ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-কে সমগ্র তৃতীয় তলা (সেকেন্ড ফ্লোর) বরাদ্দ করবে। দীর্ঘ-মেয়াদে স্থান বরাদ্দের বিস্তারিত নীচের তালিকায় এবং সংযুক্ত বিইউপি-তে আছেঃ

	পূর্ণ-আকারের রুম ফুটপ্রিন্ট মোতাবেক ন্যূনতম বরাদ্দ	অর্ধ-আকারের রুম ফুটপ্রিন্ট মোতাবেক ন্যূনতম বরাদ্দ	প্রশাসনিক রুম ফুটপ্রিন্ট মোতাবেক ন্যূনতম বরাদ্দ	অতিরিক্ত বরাদ্দ পূর্ণ-আকারের রুম	অতিরিক্ত বরাদ্দ অর্ধ-আকারের রুম	অতিরিক্ত বরাদ্দ প্রশাসনিক রুম
পি.এস. ৯	৩৬	২	৪	১	৬	১০
ব্রুকলিন ইস্ট কলেজিয়েট	১৩	২	৩	৪	০	৫

অন্যান্য পরিস্থিতির ন্যায়, যেখানে স্কুলগুলো সহাবস্থান করছে, স্কুলগুলোকে ক্যাফেটারিয়া, দু'টি জিমনেশিয়াম, এবং গ্রন্থাগারের মত ভবনের কিছু বৃহৎ যৌথ ও বিশেষ রুম যৌথভাবে ব্যবহার করতে হবে। সহাবস্থানকারী স্কুলগুলোর প্রিন্সিপ্যাল সমন্বয়ে গঠিত বিল্ডিং কাউন্সিল, স্পেস প্লানিং-এর ডিওই অফিস সহযোগে যৌথ স্থান বরাদ্দ সম্পর্কিত সুনির্দিষ্ট সিদ্ধান্ত নেবে। একটি শেয়ারড স্পেস কমিটিও বছরে কমপক্ষে চার বার মিলিত হবে এবং বিল্ডিং কাউন্সিল-এর নিকট যৌথ স্থান সম্পর্কে রিপোর্ট করবে। যৌথ স্থান বরাদ্দ সম্পর্কিত পূর্ব ধারণা পেতে অনুগ্রহ করে কে০০৯-এ ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর সহাবস্থান ও স্থানান্তর সংশ্লিষ্ট ইআইএস-এর সঙ্গে যুক্ত বিল্ডিং ইউটিলাইজেশন প্লান দেখুন। যেকোন অবরাদ্দকৃত স্থান ভর্তিকৃত শিক্ষার্থী সংখ্যার ভিত্তিতে স্কুলসমূহের মধ্যে যুক্তিযুক্তভাবে বণ্টিত হবে।

[34] ওপরের অনুরূপ।

১৯৯৮ সালের নিউ ইয়র্ক স্টেট চার্টার স্কুলস অ্যাক্ট (যেরূপ সংশোধিত) মোতাবেক, কোন পাবলিক চার্টার স্কুল স্থাপনা বা অবকাঠামো উন্নয়নে $ ৫,০০০-এর অতিরিক্ত কোন খরচ করলে তা অবশ্যই চ্যান্সেলর কতৃক অনুমোদিত হতে হবে, এবং অবশ্যই ভবনে সহাবস্থানকারী ডিওই স্কুলগুলোর উপকার সাধনে ডিওই কতৃক সমন্বয় করতে হবে।

C. কমিউনিটি

ডিওই –এর উল্লখযোগ্য সহায়তা প্রাপ্তি সত্বেও এম.এস. ৫৭১-কে নিম্ন কার্য-মান নিয়ে ভুগতে হয়েছে। তাই কমিউনিটির পরিবারগুলোকে এর চেয়ে ভালো কোন পছন্দের সুযোগ দেয়া প্রয়োজন। ডিওই পিতা-মাতাদের পছন্দের বিষয়টিকে সমর্থন করে এবং সকল পরিবারই তাদের সন্তান্দের জন্য উচ্চ-মান সম্পন্ন স্কুলের সেবা পাচ্ছে তা নিশ্চিত করতে সচেষ্ট। ডিসট্রিক্ট ১৩-এর সকল শিক্ষার্থীর জন্য অব্যাহতভাবে উচ্চ-মান সম্পন্ন মিডল স্কুল পছন্দের সুযোগ সৃষ্টির মাধ্যমে এসব লক্ষ্য অর্জনের জন্যই ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর স্থানান্তর ও সহাবস্থানের প্রস্তাব করা হয়েছে।

এম.এস. ৫৭১ হল ডিসট্রিক্ট ১৩-এর একমাত্র মিডল স্কুল যেটি পর্যায়ক্রমিক প্রত্যাহারের জন্য ডিওই এবছর প্রস্তাব করছে। নভেম্বর ১, ২০১০-এর অ-নিরীক্ষিত ভর্তি রেজিস্টারের ওপর ভিত্তিতে, এম.এস. ৫৭১ বর্তমানে ষষ্ঠ গ্রেডের ৬২ জন শিক্ষার্থীকে পরিষেবা দিচ্ছে। ডিওই নতুন আসন সৃষ্টির প্রস্তাব করছে না, তবে একটি উচ্চ-মান সম্পন্ন মিডল স্কুল এখানে স্থাপনের মাধ্যমে এই স্থান সদ্ব্যবহারের প্রস্তাব করছে। এম.এস. ৫৭১-এর পর্যায়ক্রমিক প্রত্যাহার ও অবশেষে তা বন্ধ করে দেয়ার ফলে বিলুপ্ত এই আনুমানিক ৬২-টি আসন ডিসট্রিক্ট ১৩-এ অব্যাহতভাবে নতুন স্কুল পর্যায়ক্রমিকভাবে স্থাপন ও বর্তমান মিডল স্কুলগুলোর বিদ্যমান সামর্থ পূর্ণ করার মাধ্যমে পুনরুদ্ধার করা হবে।

- এম.এস. ৫৭১- বিদ্যমান বর্তমান আসন ছাড়া ডিসট্রিক্ট ১৩-এ বর্তমানে ষষ্ঠ গ্রেডের ১,৫২৯-টি আসন আছে।[35]
- ব্রুকলিন ইস্ট কলেজিয়েট পর্যাহক্রমিকভাবে স্থানান্তরিত হয়ে পূর্ণ মাত্রায় পৌঁছে যখন পঞ্চম থেকে অষ্টম গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের পরিষেবা দেবে, তখন ডিসট্রিক্ট ১৩-এ বর্তমানে ষষ্ঠ গ্রেডের অতিরিক্ত ৮০-টি আসন তৈরী হবে।
- ২০১০-২০১১ বর্ষে এম.এস. ৫৭১-সহ ডিসট্রিক্ট ১৩-এর স্কুলগুলোতে মাত্র ১,২১১ জন ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থী ভর্তি হয়।[36] এ থেকে বোঝা যায় বিদ্যমান ডিসট্রিক্ট ১৩-এর স্কুলগুলোতে মিডল স্কুলের এন্ট্রি গ্রেডে অতিরিক্ত আসন রয়েছে।
- ডিসেম্বর ১৪, ২০১০ তারিখে প্যানেল অব এডুকেশনাল পলিসি নভেম্বর ২২, ২০১০ তারিখে প্রকাশিত আরবান অ্যাসেম্বলি অ্যাকাডেমি অব আর্টস অ্যান্ড লেটারস ("আর্টস অ্যান্ড লেটারস") সম্প্রসারণের জন্য একটি সংশোধিত ই আইএস-এ বর্ণিত প্রস্তাব অনুমোদন করে। এই প্রতিষ্ঠান কে০২০২- সহাবস্থান করে ও বর্তমানে ষষ্ঠ থেকে অষ্টম গ্রেড পর্যন্ত পরিষেবা দেয়। ২০১০-এ আর্টস অ্যান্ড লেটারস কিন্ডারগার্টেন ও প্রথম গ্রেডের ক্লাসে পরিসেবা দেয়া শুরু করবে। ২০১৩-১৪ থেকে শুরু করে এই স্কুল বাড়তি গ্রেড লেভেলগুলোকে স্থান করে দেয়ার জন্য আগত ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদের আসন সংখ্যা ১০০ থেকে আনুমানিক ৫০-এ কমিয়ে আনবে। তিন বছর ধরে ষষ্ঠ, সপ্তম ও অষ্টম গ্রেডের মোট ১৫০-টি আসন হ্রাস পাবে, যেখানে আগত ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদের আসন ক্ষমতা আনুমানিক ৫০-টি কমে যাবে। ২০১৫-১৬ নাগাদ, আর্টস অ্যান্ড লেটারস কিন্ডারগার্টেন থেকে অষ্টম গ্রেড পর্যন্ত পরিষেবা দেবে। প্রস্তাবটি অনুমোদনের ফলে ষষ্ঠ থেকে অষ্টম গ্রেড পর্যন্ত মোট ১৫০-টি আসন কমে যাওয়া সত্বেও ডিসট্রিক্ট ১৩-এর স্কুলগুলোতে এম.এস. ৫৭১-এর প্রস্তাবিত পর্যাহক্রমিক অপসারণের প্রভাবের প্রয়োজনে যে কোন মিডল স্কুল শিক্ষার্থীকে অন্তর্ভূক্তির জন্য ভবিষ্যতে অব্যাহতভাবে প্রয়োজনীয় আসন ক্ষমতা থাকবে।
- আগেই উল্লেখ করা হয়েছে যে, ডিসেম্বর ২০, ২০১০ তারিখে প্রকাশিত একটি পৃথক ইআইএস-এ ডিওই ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-কে বর্তমান অস্থায়ী অবস্থান ডিসট্রিক্ট ১৭ থেকে কে০০৯-এ স্থানান্তর ও সহাবস্থানের প্রস্তাব করছে। জানুয়ারি ২৬, ২০১০-এ প্যানেল অব এডুকেশনাল পলিসি ("পিইপি") পি.এস. ৩৩২-এর পর্যাহক্রমিক প্রত্যাহার এবং ভবন কে৩৩২-এ ব্রুকলিন ইস্ট কলেজিয়েট –এর সহাবস্থান অনুমোদন করে। মামলার কারণে এই সহাবস্থান বাধাগ্রস্ত হয় এবং এরফলে ব্রুকলিন ইস্ট কলেজিয়েট অস্থায়ীভাবে ভবন ৪৩৪-এ স্থাপন করা হয়। ব্রুকলিন ইস্ট কলেজিয়েট বর্তমানে আনকমন চার্টার হাই স্কুল ও অ্যাচিভমেন্ট ফাস্ট চার্টার হাই স্কুল-এর সঙ্গে সহাবস্থান করছে। আনকমন চার্টার হাই স্কুল ও অ্যাচিভমেন্ট ফাস্ট চার্টার হাই স্কুল উভয়ই পর্যায়ক্রমে নবম গ্রেড থেকে দ্বাদশ গ্রেড পর্যন্ত পরিষেবা সম্প্রসারণ করছে।

সংক্ষেপে, এম.এস. ৫৭১ এর পর্যাহক্রমিক প্রত্যাহারের প্রস্তাবের কারণে কে০০৯ বা ডিসট্রিক্ট ১৩-এ প্রকৃত আসন সংখ্যা কমবে না বলে আশা করা যায়। ২০০৯-২০১০ বর্ষে কে০০৯-এর সদ্ব্যবহার হার ছিল ৬৩%।[37] ব্রুকলিন ইস্ট কলেজিয়েট, পি.এস. ৯-এর সঙ্গে সহাবস্থান করলে ও পর্যায়ক্রমিক স্থাপনের পর পূর্ণ মাত্রায় পৌঁছালে ডিওই-এর প্রত্যাশা অনুযায়ী কে০০৯ র আনুমানিক ৯৫০-১০০০ শিক্ষার্থীকে পরিষেবা দেবে।[38] এর ফলে ভবন সদ্ব্যবহার হার আনুমানিক ৮৪%-এ উন্নীত হবে।

[35] ২০০৯-২০১০ বর্ষের এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাইজেশন রিপোর্ট, চার্টার স্কুলের আসন ক্ষমতা ধরা হয় নাই।
[36] নভেম্বর ১, ২০১০-এর অ-নিরীক্ষিত রেজিস্টার উপাত্ত
[37] প্রি-কিন্ডারগার্টেন অন্তর্ভূক্ত
[38] প্রি-কিন্ডারগার্টেন বাদ দেয়া হয়েছে।

এই প্রস্তাবের বর্ণনা অনুযায়ী নতুন একটি ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল ষষ্ঠ থেকে অষ্টম গ্রেডে পরিষেবা প্রদানের জন্য পর্যায়ক্রমিকভাবে স্থাপন প্রক্রিয়ায় রয়েছে। এছাড়া একটি চার্টার স্কুল মিডল স্কুল গ্রেডে পূর্ণ মাত্রায় কিন্ডারগার্টেন থেকে অষ্টম গ্রেড পর্যন্ত পরিষেবা দেয়ার লক্ষ্যে, এবং একটি চার্টার স্কুল পূর্ণ মাত্রায় পঞ্চম থেকে দ্বাদশ গ্রেড পর্যন্ত পরিষেবা দেয়ার লক্ষ্যে পর্যায়ক্রমিকভাবে স্থাপন প্রক্রিয়ায় রয়েছে। নীচের তালিকায় এসব স্কুলের উল্লেখ আছে।

স্কুলের নাম (ডিবিএন)	ঠিকানা	ভর্তি সংখ্যা[39]	বর্তমানে পরিচালিত গ্রেড ২০১০-১১	পূর্ণ মাত্রায় পরিচালনায় প্রত্যাশিত গ্রেড	ভর্তি পদ্ধতি	কর্মসূচী/কর্মকান্ড
ফোর্ট গ্রীণি প্রিপারেটরি অ্যাকাডেমি (১৩কে৬৯১)	100 Clermont Avenue	১০৪	৬	৬-৮	ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস-বাছাই	হিউম্যানিটিস প্রোগ্রাম ফোকাস, শিল্পকলা, নাটক, বাস্কেটবল
কমিউনিটি পার্টনারশীপ চার্টার স্কুল (৮৪কে৭০২)	241 Emerson Place	৩৩২	কে-৬	কে-৮	চার্টার লটারি - ডিসট্রিক্ট ১৩ এর অগ্রাধিকার	বর্ধিত দিবস, পাঠক্রম বহির্ভূত কার্যক্রম
অ্যাচিভমেন্ট ফাস্ট এনডেভার চার্টার স্কুল (৮৪কে৫০৮)	510 Waverly Avenue	৩৩২	৫-৯	৫-১২	চার্টার লটারি - ডিসট্রিক্ট ১৩ এর অগ্রাধিকার	ম্যান্ডেটরি সামার অ্যাকাডেমি, স্কুল-পরবর্তী, বর্ধিত দিবস বাস্কেটবল , থিয়েটার

চার্টার স্কুল সম্পর্কিত বিস্তারিত তথ্যও বার্ষিক ভিত্তিতে প্রকাশ করা হবে এবং তা পাওয়া যাবে ছাপানো ভাবে বা ডিওই-এর ওয়েবসাইটে এখানেঃ http://schools.nyc.gov/NR/rdonlyres/50117A5B-DB95-4231-82CC-16C853A8EE2B/0/CharterSchoolDirectory_English.pdf.

কে০০৯-এ স্কুল ভবন ব্যবহারের অনুমতি প্রাপ্তিতে কমিউনিটি সদস্য ও সংস্থাসমূহের সামর্থের ওপর এই প্রস্তাবের কোন প্রভাব থাকবে না বলে আশা করা হচ্ছে। কে০০৯ ভবনের ক্ষেত্রে আংশিক অভিগম্যতার ওপর এই প্রস্তাব প্রভাব ফেলবে না বলে আশা করা হচ্ছে।

[39] নভেম্বর ১, ২০১০-এর অ-নিরীক্ষিত রেজিস্টার উপাত্ত

IV. IV. ভর্তি সংখ্যা, ভর্তি প্রক্রিয়া এবং স্কুলের কার্য-মান সংক্রান্ত তথ্য

এম.এস.৫৭১

ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত উপাত্ত

Current Admissions	**গ্রেড ৬-৮:** ডিসট্রিক্ট ১৩ মিডল স্কুল চয়েস বাছাই

ভর্তি সংখ্যা সংক্রান্ত উপাত্ত

বর্তমানে পরিষেবা দেয়া হচ্ছে যেসব গ্রেডে	৬-৮
২০১০-২০১১-এ ভর্তি সংখ্যা	১৬৯
২০১১-২০১২-এ পরিষেবা দেয়া হচ্ছে যেসব গ্রেডে	৬,৭
২০১১-২০১২-এ অনুমিত ভর্তি সংখ্যা	৮৫-১০৫
২০১২-২০১৩-এ পরিষেবা দেয়া হচ্ছে যেসব গ্রেডে	৭
২০১২-২০১৩-এ অনুমিত ভর্তি সংখ্যা	২৫-৫০
২০১৩-২০১৪-এ পরিষেবা দেয়া হচ্ছে যেসব গ্রেডে	প্রযোজ্য নয়
২০১৩-২০১৪-এ অনুমিত ভর্তি সংখ্যা	০

অনমিতি সংক্রান্ত উপাত্ত

সিটিটি বা এসসি পরিষেবা গ্রহণকারী শিক্ষার্থীর শতকরা হার[40]	১১%
ব্যক্তিগত শিক্ষা কর্মসূচীর আওতাভূক্ত শিক্ষার্থীর শতকরা হার[41]	২৪%
ইংরেজি ভাষা শিক্ষার্থীর শতকরা হার[42]	৯%
বিনামূল্যে বা স্বল্পমূল্যে লাঞ্চ পাওয়ার যোগ্য শিক্ষার্থীর শতকরা হার[43]	৮৪%

[40] ২০০৯-২০১০-এর নিরীক্ষিত রেজিস্টার অনুসারে সিটিটি বা এসসি পরিষেবা গ্রহণকারী মোট শিক্ষার্থীর শতকরা হার।
[41] ২০০৯-২০১০-এর নিরীক্ষিত রেজিস্টার অনুসারে ব্যক্তিগত শিক্ষা কর্মসূচীর আওতাভূক্ত মোট শিক্ষার্থীর শতকরা হার।
[42] ২০০৯-২০১০-এর নিরীক্ষিত রেজিস্টার অনুসারে ইংরেজি ভাষা শিক্ষার্থী মোট সংখ্যার শতকরা হার।
[43] স্কুল অ্যালোকেশন মেমোরেনডাম নং ৯, এফওয়াই১১, জুন ৩০, ২০১০ অনুসারে বিনামূল্যে বা স্বল্পমূল্যে লাঞ্চ পাওয়ার যোগ্য মোট শিক্ষার্থীর শতকরা হার।

স্কুলের কার্যমান সংক্রান্ত উপাত্ত

এম.এস ৫৭১[44]	২০০৭-২০০৮	২০০৮-২০০৯	২০০৯-২০১০[45]
স্কুলের কার্যমান এবং অগ্রগতি			
সার্বিক প্রোগ্রেস রিপোর্ট গ্রেড	বি	বি	ডি
মান পর্যালোচনা স্কোর	পি	পি	পি
কার্য-মান উপাত্ত			
ইংরেজি ভাষা শৈলী % প্রফিসিয়েন্ট (লেভেল ৩ ও ৪)	৩১%	৩২%	৮%
গণিত % প্রফিসিয়েন্ট (লেভেল ৩ ও ৪)	৪৯%	৫৫%	১৪%
অন্যান্য গুরুত্বপূর্ণ মান নির্দেশক			
হাজিরা হার	৮৮%	৮৮%	৮৩%
২০১০-২০১১ বর্ষে স্টেট-এর জবাবদিহিতা পরিস্থিতি	অগ্রগতি (বর্ষ ১) - কমপ্রিহেনসিভ		

পি.এস. ৯

ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত উপাত্ত

বর্তমান ভর্তি প্রক্রিয়া	**প্রি-কিন্ডারগার্টেন:** স্ট্যান্ডার্ড ইউনিভার্সাল প্রি-কে ভর্তি প্রক্রিয়া **গ্রেড ক-৫:** জোন ভিত্তিক

[44] সূত্রঃ প্রোগ্রেস রিপোর্ট

[45] ২০১০ বর্ষে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট শিক্ষার্থীদের লেভেল ৩ অর্জনের জন্য বার্ষিক গণিত ও ইংরেজি ভাষা শৈলী পরীক্ষায় প্রয়োজনীয় স্কোর বৃদ্ধি করে (গ্রেড লেভেল প্রফিসিয়েন্সি) বা ঊর্ধে "কাট স্কোরস" সমন্বয় করে। ফলে, নিউ ইয়র্ক সিটির বেশীর ভাগ স্কুলসহ সমগ্র স্টেট-এ গ্রেড লেভেল মান অর্জনকারী শিক্ষার্থীর হার উল্লেখযোগ্যভাবে কমে যায়। দক্ষতা অর্জনকারী শিক্ষার্থীর হার কমে গেলেও, গড়ে নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের পরীক্ষায় প্রাপ্ত স্কোর আগের বছরের তুলনায় অপরিবর্তিত থেকে যায়।

ভর্তি সংক্রান্ত উপাত্ত

বর্তমানে পরিষেবা দেয়া হচ্ছে যেসব গ্রেডে	কে-৫
২০১০-২০১১-এ ভর্তি সংখ্যা	৫৪৪
২০১১-২০১২-এ পরিষেবা দেয়া হচ্ছে যেসব গ্রেডে	কে-৫
২০১১-২০১২-এ অনুমিত ভর্তি সংখ্যা	৫৫০-৬০০
২০১২-২০১৩-এ পরিষেবা দেয়া হচ্ছে যেসব গ্রেডে	কে-৫
২০১২-২০১৩-এ অনুমিত ভর্তি সংখ্যা	৬০০-৬৫০
২০১৩-২০১৪-এ পরিষেবা দেয়া হচ্ছে যেসব গ্রেডে	কে-৫
২০১৩-২০১৪-এ অনুমিত ভর্তি সংখ্যা	৬০০-৬৫০
পূর্ণ মাত্রায় অনুমিত ভর্তি সংখ্যা	৬০০-৬৫০[46]

অনমিতি সংক্রান্ত উপাত্ত

সিটিটি বা এসসি পরিষেবা গ্রহণকারী শিক্ষার্থীর শতকরা হার[47]	১২%
ব্যক্তিগত শিক্ষা কর্মসূচীর আওতাভূক্ত শিক্ষার্থীর শতকরা হার[48]	১৫%
ইংরেজি ভাষা শিক্ষার্থীর শতকরা হার[49]	৪%
বিনামূল্যে বা স্বল্পমূল্যে লাঞ্চ পাওয়ার যোগ্য শিক্ষার্থীর শতকরা হার[50]	৮৭%

[46] প্রত্যাশিত ভর্তি সংখ্যা বর্তমান ভর্তি সংখ্যার ভিত্তিতে গ্রহন করা হয়েছে (প্রি-কিন্ডারগার্টেন অন্তর্ভূক্ত করা হয় নাই।), যেখানে কিন্ডারগার্টেন—এর বর্তমান ক্লাসের আকার ভবিষ্যতে আগত কিন্ডারগার্টেন ক্লাস সম্পর্কিত অনুমান করতে ব্যবহার করা হয়েছে।

[47] ২০০৯-২০১০-এর নিরীক্ষিত রেজিস্টার অনুসারে সিটিটি বা এসসি পরিষেবা গ্রহণকারী মোট শিক্ষার্থীর শতকরা হার।.

[48] ২০০৯-২০১০-এর নিরীক্ষিত রেজিস্টার অনুসারে ব্যক্তিগত শিক্ষা কর্মসূচীর আওতাভূক্ত মোট শিক্ষার্থীর শতকরা হার।.

[49] ২০০৯-২০১০-এর নিরীক্ষিত রেজিস্টার অনুসারে ইংরেজি ভাষা শিক্ষার্থী মোট সংখ্যার শতকরা হার।.

[50] স্কুল অ্যালোকেশন মেমোরেনডাম নং ৯, এফওয়াইএ১১, জুন ৩০, ২০১০ অনুসারে বিনামূল্যে বা স্বল্পমূল্যে লাঞ্চ পাওয়ার যোগ্য মোট শিক্ষার্থীর শতকরা হার।

স্কুল-এর কার্য-মান সংক্রান্ত উপাত্ত

পি.এস. ০০৯ তিউনিস জি. বার্গেন[51]	২০০৭-২008	২০০৮-২০০৯	২০০৯-২০১০[52]
স্কুলের কার্যমান এবং অগ্রগতি			
সার্বিক প্রোগ্রেস রিপোর্ট গ্রেড	সি	এ	সি
মান পর্যালোচনা স্কোর	ডব্লিউডি	পি	
কার্য-মান উপাত্ত			
ইংরেজি ভাষা শৈলী % প্রফিসিয়েন্ট (লেভেল ৩ ও ৪)	৬৮%	৭৬%	৪৫%
গণিত % প্রফিসিয়েন্ট (লেভেল ৩ ও ৪)	৮৩%	৯০%	৫১%
অন্যান্য গুরুত্বপূর্ণ মান নির্দেশক			
হাজিরা হার	৯২%	৯২%	৯২%
২০১০-২০১১ বর্ষে স্টেট-এর জবাবদিহিতা পরিস্থিতি	উত্তম অবস্থানে		

ব্রুকলিন ইস্ট কলেজিয়েট

ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত উপাত্ত

বর্তমান ভর্তি	**গ্রেড ৫:** লটারি
স্থানান্তর ও পূর্ণভাবে স্থাপনের পর	**গ্রেড ৫:** লটারি

ভর্তি সংক্রান্ত উপাত্ত

বর্তমানে পরিষেবা দেয়া হচ্ছে যেসব গ্রেডে	৫
২০১০-২০১১-এ ভর্তি সংখ্যা	৮০
২০১১-২০১২-এ পরিষেবা দেয়া হচ্ছে যেসব গ্রেডে	৫,৬
২০১১-২০১২-এ অনুমিত ভর্তি সংখ্যা	১৫০-১৭০
২০১২-২০১৩-এ পরিষেবা দেয়া হচ্ছে যেসব গ্রেডে	৫,৬,৭
২০১২-২০১৩-এ অনুমিত ভর্তি সংখ্যা	২২৫-২৫৫
২০১৩-২০১৪-এ পরিষেবা দেয়া হচ্ছে যেসব গ্রেডে	৫,৬,৭,৮
২০১৩-২০১৪-এ অনুমিত ভর্তি সংখ্যা	৩০০-৩৫০
পূর্ণ মাত্রায় অনুমিত ভর্তি সংখ্যা	৩০০-৩৫০

[51] সূত্রঃ প্রোগ্রেস রিপোর্ট

[52] ২০১০ বর্ষে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট শিক্ষার্থীদের লেভেল ৩ অর্জনের জন্য বার্ষিক গণিত ও ইংরেজি ভাষা শৈলী পরীক্ষায় প্রয়োজনীয় স্কোর বৃদ্ধি করে (গ্রেড লেভেল প্রফিসিয়েন্সি) বা উর্ধে "কাট স্কোরস" সমন্বয় করে। ফলে, নিউ ইয়র্ক সিটির বেশীর ভাগ স্কুলসহ সমগ্র স্টেট-এ গ্রেড লেভেল মান অর্জনকারী শিক্ষার্থীর হার উল্লেখযোগ্যভাবে কমে যায়। দক্ষতা অর্জনকারী শিক্ষার্থীর হার কমে গেলেও, গড়ে নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের পরীক্ষায় প্রাপ্ত স্কোর আগের বছরের তুলনায় অপরিবর্তিত থেকে যায়।

জনমিতি সংক্রান্ত উপাত্ত

সিটিটি বা এসসি পরিষেবা গ্রহণকারী শিক্ষার্থীর শতকরা হার[53]	প্রযোজ্য নয়
ব্যক্তিগত শিক্ষা কর্মসূচীর আওতাভূক্ত শিক্ষার্থীর শতকরা হার[54]	প্রযোজ্য নয়
ইংরেজি ভাষা শিক্ষার্থীর শতকরা হার[55]	প্রযোজ্য নয়
বিনামূল্যে বা স্বল্পমূল্যে লাঞ্চ পাওয়ার যোগ্য শিক্ষার্থীর শতকরা হার[56]	প্রযোজ্য নয়

V. প্রান্তিক ব্যয় ও সঞ্চয়

পর্যায়ক্রমিক স্থানান্তর পরিপূর্ণভাবে বাস্তবায়িত হলে, ডিওই এম.এস. ৫৭১-কে তহবিল বরাদ্দ করা বন্ধ করে দেবে বা বর্তমানে বরাদ্দকৃত তহবিল অন্য উদ্দেশ্যে ব্যয় করবে।

স্কুল বাজেটে বেশির ভাগ তহবিলই প্রতি-শিক্ষার্থী ভিত্তিতে বরাদ্দ করা হয়। পর্যায়ক্রমিক প্রত্যাহার বাস্তবায়ন করায় এম.এস. ৫৭১-এর রোস্টারে অবস্থান করছে না, এমন প্রত্যেক শিক্ষার্থীর জন্য স্কুল আনুমানিক $৪,৩,৮৪.৮১ পাবে, যা মিডল স্কুল শিক্ষার্থীদের জন্য বার্ষিক শিক্ষার্থী প্রতি বরাদ্দকৃত তহবিলের চেয়ে কম। এই অনুমান বা প্রাক্কলন ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং (এফএসএফ)-এর বর্তমান শিক্ষার্থী প্রতি বরাদ্দ লেভেলের ভিত্তিতে করা হয়েছে এবং এটি বছর ভিত্তিক পরিবর্তন সাপেক্ষ। এফএসএফ পাঠদানের মৌলিক খরচ মিটিয়ে থাকে এবং এফএসএফ-এর তহবিল স্কুলের বিবেচনা সাপেক্ষে কর্মচারী নিয়োগ, সরবরাহ ও সামগ্রী ক্রয়, বা পাঠদান কর্মসূচী বাস্তবায়নে ব্যবহার করা যেতে পারে।

পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহারের ফলে এম.এস. ৫৭১-এ মোট শিক্ষার্থী ভর্তি সংখ্যা প্রতি বছর কমে যাবে আর তাই স্কুলের তুলনামূলকভাবে স্বল্প সংখ্যক শিক্ষার্থীর প্রয়োজন মিটাতে স্বল্প সংখ্যক শিক্ষক ও স্বল্প সরবরাহ প্রয়োজন হবে। যদি কোন করণে স্কুলে সার্বিক ভর্তি সংখ্যা বৃদ্ধি পায়, সে মোতাবে সার্বিক বাজেটও বাড়বে। যে কোন পরিস্থিতিতেই ভর্তি পর্যায় অনুসারে তহবিল বরাদ্দ করা হবে, যাতে করে স্কুল শিক্ষার্থীদের পাঠদান সংক্রান্ত প্রয়োজন মিটাতে পারে। এভাবেই সিটিব্যাপী স্কুলগুলোকে তহবিল প্রদান করা হয়, যেখানে বছর পরিবর্তনের সঙ্গে ভর্তি সংখ্যা পরিবর্তিত হলে স্বাভাবিকভাবেই বাজেট বাড়ে বা কমে।

অনুগ্রহ করে স্মরণ রাখবেন এই প্রস্তাবের ফলস্বরূপ স্কুলে বর্ধিত বা হ্রাসকৃত মাথাপিছু তহবিল বরদ্দ করা হলে তা প্রকৃত/বর্ধমান প্রক্রিয়াগত খরচ-কে উপস্থাপন করে না। সম্ভাব্য বাড়তি প্রক্রিয়াগত খরচ হতে পারে, তবে, ভর্তি কমে যাওয়ার কারণে স্কুলে শিক্ষক ও অন্যান্য কর্মচারী আর দরকার না হলে এবং তারা অন্যত্র চাকুরী পেতে ব্যর্থ হলে অ্যাবসেন্ট টিচার রিজার্ভ(এটিআর)-এ প্রথাবর্তন করবে। তাছাড়া, শিক্ষার্থী ভর্তি সংখ্যা কমে যাওয়ায় প্রথেক ক্লাসরুমের সব আসন পূর্ণ করতে ব্যর্থতার দরুন স্কুল নিম্ন-গড় আকারের ক্লাস পেতে পারে। ডলারে সকল অর্থের পরিমাণ এফওয়াই১০ বরাদ্দেরর ভিত্তিতে এবং ডিওই-এর সার্বিক পরিচালনা বাজেটে সমন্বয়ের ভিত্তিতে বার্ষিক পরিবর্তিত মান সাপেক্ষে হয়ে থাকে।

চ্যান্সেলর্স রেগুলেশন এ-১৯০ মোতাবেক অবকাঠামো উন্নয়নে সহাবস্থানকারী কোন পাবলিক চার্টার স্কুল-এর উপকারের জন্য বা স্কুল কতৃক $৫,০০০-এর অতিরিক্ত কোন মূলধন ব্যয় বা স্থাপনা উন্নয়ন ব্যয় করা হলে তাতে অবশ্যই ডিওই-এর পূর্বানুমোদন থাকতে হবে, এবং সহাবস্থানকারী প্রত্যেক ডিওই স্কুলের ওপর সম অঙ্কের মূলধন ব্যয় বা স্থাপনা উন্নয়ন ব্যয় করতে হবে। এ ধরণের প্রকল্প উপরে বর্ণিত ম্যাচিং-এর আবশ্যকতা সাপেক্ষে বিস্তারিত বিষয়ের ওপর নির্ভর করতে পারে। কোন প্রকল্প উত্থাপিত হলে ডিওই প্রত্যেক স্কুলের উপযুক্ততা বিশ্লেষণ করবে, এবং সেই মোতাবেক ভবনের ডিওই স্কুলের ম্যাচিং-এর ব্যয় নির্বাহ করা হয়, সেটি নিশ্চিত করবে।

ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর স্থানান্তরের সঙ্গে সংশ্লিষ্ট ব্যয় একটি পৃথক ইআইএস-এ যুক্ত করে ডিসেম্বর ২০, ২০১০-এ প্রকাশ করা হয়, যেখানে ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর সঙ্গে এম.এস. ৫৭১ ও পি.এস. ৯-এর সহাবস্থানের প্রস্তাব করা হয়।

[53] ২০০৯-২০১০-এর নিরীক্ষিত রেজিস্টার অনুসারে সিটিটি বা এসসি পরিষেবা গ্রহণকারী মোট শিক্ষার্থীর শতকরা হার।.
[54] ২০০৯-২০১০-এর নিরীক্ষিত রেজিস্টার অনুসারে সিটিটি বা এসসি পরিষেবা গ্রহণকারী মোট শিক্ষার্থীর শতকরা হার।.
[55] ২০০৯-২০১০-এর নিরীক্ষিত রেজিস্টার অনুসারে ইংরেজি ভাষা শিক্ষার্থী মোট সংখ্যার শতকরা হার।.
[56] স্কুল অ্যালোকেশন মেমোরেনডাম নং ৯, এফওয়াই১১, জুন ৩০, ২০১০ অনুসারে বিনামূল্যে বা স্বল্পমূল্যে লাঞ্চ পাওয়ার যোগ্য মোট শিক্ষার্থীর শতকরা হার।

VI. কর্মচারীর প্রয়োজনীয়তা, পাঠদানের খরচ, প্রশাসন, পরিবহন এবং অন্যান্য সহায়ক পরিষেবার ওপর প্রভাব

A. VI. কর্মচারীর প্রয়োজনীয়তা

এম.এস. ৫৭১-এর সকল শিক্ষক, প্রশাসনিক স্টাফ, এবং পাঠদান সম্পর্কিত নয় এমন পদ পর্যায়ক্রমিক প্রত্যাহারের ফলে অতিরিক্ত জনবলে পরিণত হবে।[57] প্রত্যেক ক্লাসের সফল গ্রাজুয়েশন সম্পন্নের পর শিক্ষার্থী ভর্তি হ্রাস পেয়ে এই প্রক্রিয়া ক্রমান্বয়ে সম্পন্ন হবে। স্বল্প সংখ্যক শিক্ষার্থীর কারণে স্কুলে স্টাফ সংখ্যার আবশ্যকতা স্বাভাবিকভাবেই কমে আসবে।

বিদ্যমান শ্রম চুক্তি মোতাবেক অতিরিক্ত জনবলের বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হবে। উদাহরণস্বরূপ, প্রত্যেক শিক্ষকতা লাইসেন্স এলাকার মধ্যে জ্যেষ্ঠতা ক্রম বদলে দিতে বর্তমান ইউনাইটেড ফেডারেশন অব টিচার্স (''ইউএফটি'') চুক্তি অনুসরণের প্রয়োজন হবে।

পুরো প্রক্রিয়া জুড়ে নিয়োগ বন্ধ না রেখে, অতিরিক্ত শিক্ষকগন সিটির অন্যান্য পদে আবেদন করার যোগ্য বিবেচিত হবেন, এবং কোন স্থায়ী পদ পান নাই এমন শিক্ষক-কে ইউনাইটেড ফেডারেশন অব টিচার্স পুলে অন্তর্ভূক্ত করা হবে, যার অর্থ হল এই যে তারা অন্যান্য সিটি স্কুলে বিকল্প শিক্ষক হিসাবে পরিষেবা দান কালে অব্যাহতভাবে বেতন পাবেন। কোন শিক্ষক অতিরিক্ত জনবলে অন্তর্ভূক্ত হওয়ার এক বছরের মধ্যে তার লাইসেন্সকৃত এলাকার কোন স্কুলে পদ শূণ্য হলে প্রয়োগযোগ্য চুক্তির শর্ত ও শিক্ষকগনের জ্যেষ্ঠতা মেনে সেই শিক্ষকের স্কুলে ফিরে যাবার অধিকার থাকবে।

এটা অনুধাবন করাও গুরুত্বপূর্ণ যে, যেসব শিক্ষার্থী অন্য উপায়ে এম.এস. ৫৭১-এ ভর্তি হয়েছে, তারা বারাব্যাপী অন্যান্য মিডল স্কুলে ভর্তি হবে, এবং সেসব স্কুল বাড়তি কর্মচারী নিয়োগ করতে পারে। সিটিব্যাপী পর্যায়ক্রমিকভাবে নতুন প্রতিস্থাপিত স্কুলে নতুন কর্মচারীর পদও তৈরী হবে। ফলস্বরূপ, এই প্রস্তাবের ফলে সিটিব্যাপী শিক্ষকের প্রকৃত পদ সংখ্যা কমবেই, এমনটি নয়।

নতুন স্কুলসমূহ নিয়োগ প্রক্রিয়ায় ডিওই এবং ইউএফটি- এর মধ্যকার যৌথ দর কষাকষি চুক্তি বা কালেকটিভ বারগেইনিং অ্যাগ্রিমেন্ট-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ পদ্ধতি অনুসরণ করে। বন্ধ হবার উপক্রম বা পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহার হচ্ছে এমন স্কুলের ওপর জনবল নিয়োগ করছে এ ধরণের নতুন স্কুলের প্রভাব থাকলে পর্যাপ্ত সংখ্যক আবেদন সাপেক্ষে কমপক্ষে ৫০% সবচাইতে জ্যেষ্ঠ যোগ্যতা সম্পন্ন কর্মচারী নিয়োগ করতে হবে, যতক্ষণ পর্যন্ত না সেই স্কুল বন্ধ হয়ে যায়।

B. পাঠদানের খরচ

পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহারের ফলে এম.এস. ৫৭১-এ মোট শিক্ষার্থী ভর্তি সংখ্যা প্রতি বছর কমে যাবে আর তাই স্কুলের তুলনামূলকভাবে স্বল্প সংখ্যক শিক্ষার্থীর প্রয়োজন মিটাতে স্বল্প সংখ্যক শিক্ষক ও স্বল্প সরবরাহ প্রয়োজন হবে। ভর্তি পর্যায় অনুসারে তহবিল বরাদ্দ করা হবে, যাতে করে স্কুল শিক্ষার্থীদের পাঠদান সংক্রান্ত প্রয়োজন মিটাতে পারে। এভাবেই সিটিব্যাপী স্কুলগুলোকে তহবিল প্রদান করা হয়, যেখানে বছর পরিবর্তনের সঙ্গে ভর্তি সংখ্যা পরিবর্তিত হলে স্বাভাবিকভাবেই বাজেট বাড়ে বা কমে।

এছারা, এফএসএফ যেসব শিক্ষার্থীর অতিরিক্ত প্রয়োজন তদের জন্য শিক্ষার্থী-প্রতি ভিত্তিতে সম্পূরক বরাদ্দ দেয়, আর তাই শিক্ষার পিছনে ব্যয় বৃদ্ধি পায়। উদাহরণ স্বরূপ, ২১০-২০১১ স্কুল বর্ষে মিডল স্কুলগুলো তাদের ভর্তিকৃত প্রত্যেক ইংরেজি ভাষা শিক্ষার্থীর জন্য শিক্ষার্থী-প্রতি অতিরিক্ত $২০,৩০.৮৮ বরাদ্দ পায়।

সিটিব্যাপী অন্যান্য স্কুলের সঙ্গে এম.এস. ৫৭১ শিক্ষার্থীর বৈশিষ্ট্য ও প্রয়োজনের ওপর ভিত্তি করে অতিরিক্ত "ক্যাটেগরিক্যাল" তহবিল পেতে পারে। উদাহরণ স্বরূপ, স্কুলগূলোকে নিম্ন-আয়ের শিক্ষার্থী ভর্তি সংখ্যার অনুপাতের ওপর ভিত্তি করে তাদের কেন্দ্রীয় টাইটেল I তহবিল বরাদ্দ করা হয়। এম.এস. ৫৭১ বর্তমানে একটি টাইটেল I স্কুল। স্কুলটি অব্যাহতভাবে টাইটেল I প্রাপ্তির উপযুক্ততা ধরে রাখবে এটা ধরে নিলে এর শিক্ষার্থী সংখ্যা পরিবর্তনের সঙ্গে টাইটেল I তহবিলের বরাদ্দ প্রাপ্তি সমন্বয় করা হবে।

স্কুলগুলো যখন ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং-এর মাধ্যমে প্রতিবন্ধকতা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য সম্পূরক সহায়তা গ্রহণ করে, তা কেবল সেই শিক্ষার্থীদের জন্য সহায়তা বাবদ দেয়া তহবিলের অংশ বিশেষ। স্কুলগুলোর বাজেট এমনভাবে করা হয় যাতে তারা ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্লান (আইইপি) অনুযায়ী তাদের প্রতিবন্ধকতা সম্পন্ন শিক্ষার্থীদের আইইপি মোতাবেক প্রয়োজন মিটাতে পারে। এম.এস. ৫৭১-এর পর্যায়ক্রমিক প্রত্যাহার কালেও তাদের সকল প্রতিবন্ধকতা সম্পন্ন শিক্ষার্থীদের আইইপি মোতাবেক প্রয়োজন মিটাতে অব্যাহতভাবে তহবিল পাবে।

ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর স্থানান্তরের সঙ্গে সংশ্লিষ্ট ব্যয় একটি পৃথক ইআইএস-এ যুক্ত করে ডিসেম্বর ২০, ২০১০-এ প্রকাশ করা হয়, যেখানে ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর সঙ্গে এম.এস. ৫৭১ ও পি.এস. ৯-এর সহাবস্থানের প্রস্তাব করা হয়।

[57] কোন স্কুলে অনুমোদিত পদে কর্মরত কর্মচারী সংখ্যার চেয়ে কম জনবল প্রয়োজন হলে কর্মচারী আধিক্য হয়ে থাকে।

C. প্রশাসন

স্কুল বন্ধ হয়ে গেলে এম.এস. ৫৭১-এ দায়িত্বপ্রাপ্ত সকল সুপারভাইজার এবং/বা প্রশাসক পরিণামে অতিরিক্ত জনবল হিসাবে বিবেচিত হবে। স্কুল পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহার কালেও কিছু পদ অতিরিক্ত বিবেচিত হতে পারে, কেননা স্কুল ক্রমবর্ধমান হারে স্বল্প সংখ্যক সিক্ষার্থীকে পরিষেবা দেয়ায় প্রশাসনিক প্রয়োজন হ্রাস পাবে। পুনশ্চ:, প্রযোজ্য আইন ও শ্রম চুক্তি মোতাবেক সকল অতিরিক্ত জনবলের বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হবে।

D. পরিবহন

পর্যায়ক্রমিক প্রত্যাহার চলাকালে এম.এস. ৫৭১-এ বর্তমানে অনুসৃত পরিবহণ প্রক্রিয়ায় কোন পরিবর্তন আনা হবে না। চ্যান্সেলর'স রেগুলেশন এ-৮০১ মোতাবেক পরিবহন সেবা প্রদান করা হবেঃ http://schools.nyc.gov/NR/rdonlyres/21A1B11A-886B-4F74-9546-E875EE82A14C/40303/A801.pdf.

E. অন্যান্য সহায়ক পরিষেবা

বিভিন্ন সুনির্দিষ্ট সহায়ক পরিষেবা সম্পর্কে উপরে বর্ণিত হয়েছে। সিটিব্যাপী নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে অন্যান্য সহায়তা পরিষেবা অব্যাহতভাবে প্রদান করা হবে।

VII. Building Information

ভবনের ধরণ	প্রাথমিক স্কুল
নির্মাণের বছর	১৯৫৭
সার্বিক বিসিএএস মান	৫ এর মধ্যে ২.৬৮
লক্ষ্য মোতাবেক সদ্ব্যবহার	৬৩%
লক্ষ্য মোতাবেক ধারণ ক্ষমতা	১১৯২
এফওয়াই ২০০৯ রক্ষণাবেক্ষণ ব্যয়	শ্রমিকঃ $ ২৫,৩০৯.৪০ উপাদানঃ $২৪,৭৬৯.০৯ রক্ষণাবেক্ষণ ও মেরামত চুক্তিঃ $২৬,২৪৫.৫৩ তত্বাবধানমূলক পরিচালন ব্যয়-সামগ্রীঃ $৮,১১১.৮৮ তত্বাবধানমূলক পরিচালন ব্যয় – তত্বাবধান কাজে বরাদ্দঃ $ ২৮৮,১০২.১১
এফওয়াই ২০০৯ জ্বালানী ব্যয়	বৈদ্যুতিকঃ $১১৩,৬৫৭.০০ গ্যাসঃ $১৬৬০.০০ তেলঃ $৭২,৭৫৪.০০
বর্তমান বা পূর্বের স্কুল বর্ষে সমাপ্ত প্রকল্প	এলাকা বাধানো –ব্লাকটপ।
মূলধন পরিকল্পনায় প্রস্তাবিত প্রকল্প	সিস্টেম প্রতিস্থাপন-এলাকা পাকাকরণ –ব্লাকটপ। স্থানঃ যানবাহন-মুক্ত এলাকা পাকাকরণঃ Asphalt
ভবনের অভিগম্যতা	পূর্ণ প্রোগ্রামকৃত.অভিগম্য
ভবনের বৈশিষ্ট্য	শিল্পকলা রুম, অডিটোরিয়াম, ক্যাফেটারিয়া, কম্পিউটার রুম, জিমনেশিয়াম, গ্রন্থাগার, বিজ্ঞান ল্যাব,